Identical twins are born when the single egg after being fertilized by the sperms splits into two cells, each of which gives rise to a separate embryo. Obviously, identical twins share the same sex and are genetically identical. (Fig. from Page-*i*) Can one create identical twins to order? The answer is yes with the addendum that it has been carried out regularly in animals such as in pigs and cattle. This leads straight to the million-dollar question? Can we clone humans? The answer to the question is not easy one. An obvious way is through “embryo cloning”.

### CLONING

The ability to create identical individual artificially is called cloning. So cloning is the process of making a genetically identical organism through the non-sexual means.

In principle, cloning has two main goals -

- 1) Therapeutic cloning
- 2) Reproductive cloning

Therapeutic cloning is helpful to repair damaged tissues and disease ravaged organs. Therapeutic cloning depends heavily on what are called stem cells. Stem cells are cells that capable of forming every cell type in the body.

### STEM CELL

The single cell formed when the sperm and egg unite in totipotent - that is it has the potential to give rise to the body in totality. The first few cell divisions in embryonic development produce more totipotent cells. After 4 days of embryonic cell division, the cells begin to specialize. Then the embryo forms a two-layered ball. The inner cells can form nearly any human tissue, but not without the outer layer and so are termed - PLURIPOTENT. The pluripotent cells give rise to the progenitors of cell lines such as blood cells, skin cells etc. at this stage, they are called MULTIPOTENT.

To know how therapeutic cloning works, following steps should be followed :

DNA is extracted from a sick person, the DNA is then inserted into an enucleated egg forms an embryo. Stem cells are removed from the embryo. Any kind of tissues or organ can be grown from these stem cells to treat the specific disease person.

### SOMATIC CELL NUCLEAR TRANSFER (SCNT)

A somatic cell is any type of cell in the body other than two types of reproductive cell, i.e.sperm and egg. Germ cells are sperm and egg. In mammals every somatic cell has two complete set of chromosomes (known as diploid), where as the germ cells only have one complete set (known as haploid). The nucleus of the somatic cell provides the genetic information, while the oocyte provides the nutrients. Scientists may either apply an electric pulse to make the nucleus enter the enucleated oocyte or inject it directly into the enucleated oocyte.

(Fig.From page-ii)

### DIFFERENCE

The fertilization of an egg by a sperm and the SCNT cloning method both results in a dividing ball of cells, called an embryo. The difference is that in natural fertilization, the haploid sperm and haploid egg combine to produce the diploid zygote. In SCNT, the egg cells single set of chromosome is removed, it is replaced by the nucleus from a somatic cell, which already contains two complete sets of chromosomes. Therefore in the resulting embryo both sets of chromosomes come from the somatic cell.



### **SOMATIC CELL DONOR**

In theory, the person who needed the healthy stem cells would provide a somatic cell donor. The nucleus of the somatic would go on to form an embryo. Stem cells from that embryo would be removed and cultured to provide the needed healthy tissue.

### **NO IMMUNE REJECTION**

Since the person's own genetic code would be present in the cells of the tissue would be no immune-rejection related problems. One could in theory at least have an unending stream of healthy cells-virtually a living repair kit for humans.

### **BLASTOCYST**

The initial stages of therapeutic cloning are identical to reproductive cloning. However in therapeutic cloning, the stem cells are harvested after the egg has divided for five days. The egg at this stage of development is called a blastocyst, it is of course sacrificed in the process. (Fig. from page -iii)

### **APPLICATION OF THERAPEUTIC CLONING**

Therapeutic cloning is used for different treatment purpose -

- 1) Parkinson's diseases
- 2) Stroke
- 3) Spinal cord injury
- 4) Cancer
- 5) Diabetes etc.

In prince of Wales hospital in Australia, Prof. Bernie Tuchs's ultimate aim is to eliminate the need for insulin injection and by using human embryonic stem cells to try and find a cure for diabetes. At the Technion in Israel, Dr Karl Skorecki's team has successfully turned human embryonic stem cells into insulin producing cells. Trials on diabetic mice are on the cards. Prof. Alan Trounsons team at Monash University, Australia was the first in the world to create mature nerve cells from human embryonic stem cells. The team has just announced that they have successfully transplanted nerve cells into the brain of new born mice, the cells seemed to function like normal brain cells. Meaning of such an approach shows real promise for treating neuro-degenerative diseases like Parkinson's. The real test is to use stem cell therapy to humans without using immunosuppressive

drugs. Prof. Loren Field of Indiana University and another team of scientist of Stanford University School of Medicine (USA) had injected stem cells in the hearts of mice that had suffered heart attack. They announced an improvement in how their hearts pumped blood and speculated that instead of changing into heart muscle cells as had been hoped. The stem cells may have helped the damaged heart by recruiting new blood vessels to help heart muscle cells that would have otherwise died. However it is a fact that the stems cells failed to turn into heart muscle cells. (Fig. from page-iv)

### **HUMAN THERAPEUTIC CLONING**

In November 2001, Advanced Cell Technologies (ACT), a biotechnology company in USA, announced that they had cloned the first human embryos for therapeutic research. They had enucleated human eggs and used the nucleus of a human skin cells as a replacement. A chemical called ionomycin was used to encourage the manipulated egg cell to divide. The results were far from encouraging, although this process was carried out with eight eggs, only three began dividing, and of these only one was able to divide upto the six cell stage upon which divisions ceased. In February 2004, the Scientist led by Dr. Hwang Woo Suk of Seoul National University, South Korea successfully injected genetic material from adult human cumulus cells into enucleated human oocytes. They created not one, but thirty human embryos though cloning, through to do so they had to manipulate 242 oocytes taken from sixteen donors. They collected stem cells from these embryos, which when grafted into mice formed muscle, bone, cartilage and connective tissues. In theory, embryos could develop into human clones if they were successfully implanted in a woman's womb. However, the scientists said that their technique was not designed to make babies but to further therapeutic cloning. (Fig. from Page-v)

### **VIEW OF INDIAN SCIENTISTS**

Dr. Lalji Singh, Director, Center for Cellular and Molecular Biology (CCMB), Hyderabad strongly feels that it would be blunder not to permit therapeutic cloning. He says he fully agrees with Ian Wilmut views - who says "Therapeutic cloning promises such benefits that it would be immoral not to do it."



### **PLANT CLONING**

Scientists have been able to clone plants by taking pieces of specialized roots, breaking them up into root cells and growing the root cells in a nutrient rich culture. In culture, the specialized cells become unspecialized into calluses. The calluses can then be stimulated with the appropriate plant hormones to grow into new plants that are identical to the original plant from which the root pieces were taken. (Fig. from page - vi )

### **ANIMAL CLONING**

In the 1970's , the scientist named John Gurdon successfully cloned tadpoles. He transplanted the nucleus from a specialized cell of one frog (B) into an unfertilized egg of another frog (A) in which the nucleus had been destroyed by ultraviolet ray. The egg with the transplanted nucleus developed into a tadpole that was genetically identical to frog (B). While Gurdon's tadpole did not survive to grow into adult frogs, his experiments showed that the process of specialization in animal cells was reversible, and his technique of nuclear transfer paved the way for later cloning success. (Fig. From Page-vii)

### **THE BIRTH OF DOLLY**

In 1997, cloning was revolutionized when Ian Wilmut and his colleagues at the Roslin Institute in Edinburgh, Scotland, successfully cloned a sheep named Dolly. Dolly was the first cloned mammal. Wilmut and his team transplanted a nucleus from a white faced sheep into an enucleated egg of a Scottish black-faced sheep. The nucleus-egg combination was stimulated with electricity to fuse the two and to stimulate cell divisions. The new cell divided and was placed in the uterus of a black face to develop. Dolly was born few months later. Dolly was shown to be genetically identical to the donor from which nuclear transfer was made and not to the uterus where it was grown. Which clearly demonstrate that she was a successful clone (it took 276 attempts before the experiment was successful). Dolly has grown and reproduced several offspring's of her own through normal sexual means. Therefore Dolly is a viable, healthy clone. Since Dolly, several university laboratories and companies have used various modification of the nuclear transfer techniques to produce cloned mammals, including cows, pigs, monkeys, mice and Noah. (Fig. from page-viii)

## **CAN HUMAN BE CLONED**

If scientists can clone animals, can they clone humans ? In 1998, a Korean research team announced that it cloned a human embryo through somatic cell nuclear transfer (SCNT), but the embryo only survived to four cells. In 2001 researchers at the biotechnology firm Advanced Cell technology (ACT) claimed to clone embryos that divide to six cells before dying. Many scientists argue that because the embryos from these two experiments did not double their cell size every 24 hrs., they could not be considered true human embryos. In any case scientists feel it is only a matter of time before scientists resolve technical obstacles to human cloning.

## **THE CLONING DEBATE**

First and foremost is the fear that a clone would not be an “individual”, but merely a “carbon copy” of someone else. On the other hand, those hoping to bring back a lost child no doubt are pinning their hopes on this very point. A clone might be burdened by the thought that he is a copy and not an “original”. The clone’s sense of individuality could be at stake.

## **SOCIAL PROBLEMS**

Imagine the social paradox if a clone begins to think of his “DNA donor” as a parent rather than a delayed twin. Should a clone be considered legally responsible for his actions ? Could a clone marry ? If so, should clones marry only clones ? What would their children’s status be vis a vis the original family ? Isn’t there potential for exploitation of women to obtain oocytes in requisite numbers ?

## **INHERENT RISK**

There is no guarantee that the first cloned humans will be normal . Disorders may materialize later in life as well, as they did for Dolly. The technique is failure prone. More than 100 nuclear transfer procedures could be required to produce one viable clone. In addition, cloned animals tend to have a short life.

## **EVOLUTIONARY CONSTRAINTS**

No male played a role in Dolly’s birth. If this technique were to be replicated in humans, there would be no genetic need for men (women would still be necessary to carry through with the pregnancy). All human males could be allowed to die off.

### PRIMER ON ETHICS AND HUMAN CLONNING

Before cloning is considered to be permissible medical means for overcoming human infertility, society needs to resolve many questions including...

1. Is cloning unnatural self-engineering ?
2. Will failures, such as deformed offspring, be acceptable ?
3. Who is socially responsible for cloned humans?
4. Do clones have rights and legal protection?

So, human cloning is the most controversial debate of the decade. Early human experiments are likely to result in a number of clinical failure and lead to miscarriage, the necessity of dozens or even hundreds of abortions, or births of massively deformed offspring. Is a cloned embryo the same as a conceived embryo? Does cloned have parents, autonomy or even a soul?


### CONCLUSION

Cloning offers remarkable insight into the power of creation that humanity has taken into its fold. One theological analysis holds that humans are co-creators with God; perhaps it is more accurate to say that humans are moving ever closer to a posture of making babies, rather than having babies. Cloning represents a remarkable test of human restraints, wisdom and institutional development, one that will in many ways identify the moral feature of 21st century biotechnology. Cloning represents a remarkable controversial as well as New-horizon of the 21st century.

Ref. : Science Reporter May 2004.

(i)



## Identical Twins



- 4. The Two cells develop into identical embryos, which grow into natural identical twins, who are clones of each other. (when embryos are placed into the womans of surrogate mothers to complete their development)**


(ii)

### SOMATIC CELL NUCLEAR TRANSFER (SCNT)




### CONVERSION OF STEM CELLS INTO INSULIN PRODUCING CELLS

(iv)







**CLONING A HUMAN**

(vi)





DIAGRAM OF PLANT CLONING THROUGH TISSUE CULTURE PROPAGATION



GURDON'S EXPERIMENT TO CLONE A FROG



Dolly (Left)

## প্রকৃতিবাদী জগদ্বীক্ষা ও প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণ : কিছু বিভ্রান্তির নিরসন

সন্তোষকুমার পাল

প্রভাসতত্ত্ব\* (Phenomenology) সেই পদ্ধতিতত্ত্ব তথা দর্শন যা প্রভাস (phenomenon) কে যথার্থ স্বরূপে গ্রহণ করতে, তার প্রকৃত অবয়বকে অধ্যয়ন করতে আমাদের সাহায্য করে। এখানে ‘প্রভাস’ শব্দে আমাদের চেতনার সামনে প্রদত্ত অভিজ্ঞতার বিষয়, তার অবয়ব তথা অর্থকে বুঝতে হবে। বলা বাহুল্য, বিশুদ্ধ নিরপেক্ষ চেতনার সামনেই কেবল প্রভাস যথার্থ স্বরূপে প্রদত্ত হতে পারে এবং তার সারার্থ প্রকাশিত হতে পারে। প্রভাসতত্ত্ব নিঃসংশয় সত্যে পৌঁছানোর উদ্দেশ্যকে সামনে রেখে প্রভাস অর্থাৎ বিষয় অধ্যয়নে কৃত সংকল্প। কিন্তু প্রভাসতত্ত্বের এই উদ্যোগে অন্তরায় সৃষ্টি করে আমাদের নিত্যদিনের প্রকৃতিবাদী জগদ্বীক্ষা (the Natural World-View)। যখনই আমরা বিষয়ানুসন্ধানে অগ্রসর হই তখনই আমাদের আজন্ম-লালিত সংস্কার তথা বিশ্বাসগুলি মুক্ত নিরপেক্ষ বিচারের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। প্রকৃতিবাদী-দৃষ্টিভঙ্গি আমূল-জিজ্ঞাসার মানসিকতাকে স্তিমিত করে রাখে। ফলে জগতের যা কিছু যেমন রয়েছে তাদের সত্তাকে প্রশ্নাতীত, চূড়ান্ত ধরে নিয়ে কাজকর্ম করে চলি। কখনো ভাবার সুযোগ আসেনা যে এই ধরণের বিচার-ভঙ্গি ঠিক কি না। নির্বিচার বিচার-স্বভাবের বেড়াজালে আমরা ঘুরপাক খাই। কিন্তু প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির এই বিভ্রম কাটিয়ে উঠতে না পারলে বিষয়ের যথার্থ স্বরূপ তথা জগতের প্রকৃত অর্থ কখনোই উদ্ঘাটিত হবে না।

প্রভাসতত্ত্বের কেন্দ্রীয় প্রবক্তা এডমুণ্ড হুসার্ল এই নির্বিচার জগদ্বীক্ষার বিভ্রম কাটিয়ে উঠার নিমিত্ত এক বিশেষ পদ্ধতিতত্ত্বের সন্ধান দিয়েছেন, যাকে ‘প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণ’ (Phenomenological Reduction) বলা হয়েছে। যাই হোক, প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গিকে ভ্রম হিসাবে চিনতে না পারলে তার থেকে মুক্তি সম্ভব নয়। হুসার্ল তাই অধিজাগতিক প্রভাসতত্ত্বের অনুসন্ধানের প্রাথমিক পর্যায়েই প্রকৃতিবাদী জগত-বিশ্বাসের স্বরূপ নির্দিষ্টকরণে মনোযোগী হয়েছেন।

মূল আলোচনায় প্রবেশ করার আগে এই প্রবন্ধে আমাদের প্রকল্পনা সম্বন্ধে জানিয়ে রাখতে চাই। আমাদের উদ্দেশ্য প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণের স্বরূপ, এর উদ্দেশ্য ও পরিণতি সম্পর্কে আমাদের অনেকের মধ্যে যে ভুল বোঝাবুঝি ও অস্পটতা আছে তার যথাসাধ্য নিরসন করা। এই মূল উদ্দেশ্যকে সামনে রেখে আলোচনাকে তিনটি অংশে বিভক্ত করতে চাই। প্রথম অংশে প্রকৃতিবাদী জগদ্বীক্ষা, যা প্রভাসের যথার্থ রূপ প্রকাশের পথে অন্তরায়, তাকে ঠিক ঠিক চিনে নিতে চাই। দ্বিতীয় অংশে হুসার্লকে অনুসরণ করে প্রস্তাবিত রূপান্তরকরণ-প্রক্রিয়ার বিবরণ করব। ভাষার ‘জারগ্যান’ ভেদ করে ভুল বোঝাবুঝির বাতাবরণ কাটিয়ে রূপান্তরতত্ত্বের প্রকৃত উদ্দেশ্য তুলে ধরার চেষ্টা করব। তৃতীয় অংশে এই রূপান্তরকরণ-প্রক্রিয়ার সম্ভাবনা ও পরিণতি সম্পর্কে যেসব সমালোচনা উঠেছে তার প্রধান কয়েকটির উত্তর খোঁজার চেষ্টা করব। আমরা দেখাতে চাই, বিশুদ্ধ অধিজাগতিক দর্শনের প্রবেশদ্বার এই প্রক্রিয়া (যা বিষয় তথা জগতের প্রকৃত অর্থোদ্ধারের একমাত্র পথ) চিন্তার জগতে এক অনবদ্য আবিষ্কার।

হুসার্লের রচনাবলী পর্যালোচনা করলে দেখা যায় তিনি একাধিক প্রসঙ্গে প্রকৃতিবাদী বিভ্রমের কথা বলেছে, তার থেকে মুক্ত হওয়ার উপদেশ করেছেন। তবে তিনি *Philosophy as Rigorous*

*Science* প্রবন্ধে ও *Ideas-I* গ্রন্থে আমাদের স্বভাবসিদ্ধ এই বিশ্ববীক্ষার অবয়বটিকে চিহ্নিতকরণে অধিক মনোযোগী হয়েছেন। প্রকৃতিবাদী জগদ্বিশ্বাসের ভ্রান্তিকে সনাক্ত করতে না পারলে, তার থেকে মুক্ত হতে না পারলে বিষয়-স্বরূপ অনুসন্ধান সম্ভব নয়, এবং তাই হসার্ল বিশুদ্ধ অধিজাগতিক প্রভাসতত্ত্বের অনুসন্ধানের প্রাথমিক পর্যায়েই এই বিশ্ববীক্ষার স্বরূপ-নিরূপণে সচেতন হয়েছেন।

উল্লেখিত প্রবন্ধে 'আমাদের ব্যস্ত জীবনের নির্বিচার ধ্যান-ধারণার সংমিশ্রণে গঠিত যে লোকায়ত দৃষ্টিভঙ্গি তাকে হসার্ল প্রকৃতিবাদী বিভ্রম হিসেবে চিহ্নিত করেছেন। প্রকৃতিবাদী অবস্থানে আমরা ইন্ডিয়ের সামনে যা যেমনভাবে প্রদত্ত হয় তাকে অসংশয়যোগ্য চূড়ান্ত বাস্তবতা হিসেবে মেনে নিই। প্রাকৃত বা অ-প্রাকৃত—সবকিছুকে প্রকৃতির অমোঘ কার্য-কারণের ভাষায় ব্যাখ্যা করি। অনেকখানি নির্বিচার সরল বস্তুবাদের আদল গড়ে ওঠা এই জগত-বীক্ষা কথিত অ-প্রাকৃত সত্তা - চেতনা ও তার বিষয়কে প্রাকৃতিক বৈশিষ্ট্যের ভাষায় বুঝতে চায়। প্রাকৃতিবিজ্ঞানসমূহও এই জগত-বীক্ষাকে মেনে নেয়, বলা যেতে পারে, এই দৃষ্টিভঙ্গিকেই সংহতকরণে চেষ্টা করে। আরো গুরুত্বপূর্ণ ব্যাপার, নিছক জড়-নির্ভর নয় যেসব মানবিকী বিজ্ঞান (human sciences) তাদেরকেও প্রাকৃত মানস ঘটনার কার্য-কারণগত পরম্পরা তথা ইতিহাস হিসেবে ব্যাখ্যা করে। এসবের পিছনে যে জগদর্শন কাজ করছে তাই প্রকৃতিবাদ।

*Ideas-I* গ্রন্থে 'আমাদের প্রত্যক্ষ-অভিজ্ঞতার বিশ্লেষণ প্রসঙ্গে হসার্ল আবার প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির বিবরণ করেছেন: প্রকৃতিজগতের অংশ হিসেবে আমরা এই জগতে বাস করি। আমরা চিন্তা করি, বিচার করি, কল্পনা করি। এ সবের মধ্যে জগতের বাস্তবতা তথা বৈধতাকে বিনা বিচারে মেনে নিয়ে চিন্তাভাবনা-ক্রিয়াকর্ম করে চলি। কখনো মৌলিক প্রশ্ন উত্থাপন করি না। জগতের প্রতি দৃষ্টি নিবদ্ধ হলেই আমরা দেখি জগতে অসংখ্য বস্তু রয়েছে, রয়েছে পশু-পক্ষী-বৃক্ষরাজি। রয়েছে আমার মতো ৬২০ কোটির অধিক মানুষ। কখনো তাদের সাথে মিথস্ক্রিয়া করি, অনেকের সাথে অন্তর দিয়ে মিশি। আবার কখনো উদাসীন থাকি। শুধু বিষয়রাজি নয়, রয়েছে নানা ধরণের মূল্য (value) ও মূল্যমান: "[T]his world is not there for me as a mere world of facts and affairs, but with the same immediacy, as a world of values, a world of goods, a practical world."<sup>৩</sup> কোন দৃশ্যকে বলি 'সুন্দর', কারোর কাজকে বলি 'ভালো', কোন গাড়ীকে বলি 'দামী', ইত্যাদি। যা নানা ধরণের মূল্যের ইঙ্গিত দেয়। বিভিন্ন বস্তু সম্পর্কে যেমন ভাবি সেগুলি পূর্বপ্রদত্ত, নিরেট বাস্তবতা, তেমনি মূল্যমানগুলিও পূর্ব-নির্দিষ্ট ভাবি। অধিকন্তু, আমরা ভাবি এই জগত অসীম দেশ-কালে বিধৃত। যেদিকেই তাকাই কোন সীমা-পারীমা খুঁজে পাই না। আবার ভাবি এই জগত অনন্তকাল ধরে রয়েছে, থাকবেও অনন্তকাল।

কেউ ভাবতে পারেন, এই প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির অসুবিধা কোথায়! একটু চিন্তা করলেই বোঝা যাবে, এই বিশ্ববীক্ষার পিছনে রয়েছে একগুচ্ছ নির্বিচার সংস্কার বা পূর্ব-বিশ্বাস। জগতকে এভাবে অসংশয়যোগ্য, চূড়ান্ত বাস্তবতা হিসেবে মেনে নেওয়া মৌলিক ভ্রম। আমি অসহায় দর্শকমাত্র নই! যদিবা কখনো কোন কিছু অস্বীকার করি, তাতেও কিন্তু প্রকৃতিবাদের মৌলিক অবস্থানের কোন পরিবর্তন ঘটে না। হসার্লের ভাষায়: "All doubting and rejecting of data of the natural standing the general thesis of the natural standpoint. "The" world is a fact-world, always there... a world that has its being out there."<sup>৪</sup> কিন্তু আমরা নিছক প্রাণবান যন্ত্র নই। আমরা চেতন সত্তা। সবকিছুকে যাচাই করে তবেই গ্রহণ করব আমরা; এবং এই অধিকার ও সামর্থ্য আমাদের আছে। বলা বাহুল্য, চেতন সত্তা মানুষের বিচার-বিবেচনার সামনেই বিষয়ের যথার্থ রূপ প্রকাশিত হতে পারে। মোট কথা, জগত ও জীবনের প্রকৃত অর্থ বুঝে উঠতে হলে প্রকৃতিবাদের এই গোলকধাঁধা থেকে বেরিয়ে আসতেই হবে।

যাই হোক, প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির প্রধান কয়েকটি বৈশিষ্ট্যকে আমরা এভাবে চিহ্নিত করতে পারি: **প্রথমত:**, প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির যে জগত তা অসংশয়যোগ্য, চূড়ান্ত রূপে গৃহীত হয়। যেমন পূর্বে ইঙ্গিত করা হয়েছে, আমরা কোন একটি বিষয়ের পরিবর্তে অপর একটি বিষয়কে বেছে নিতে পারি, ভুল জিনিসকে ঠিক বলে মনে করতে পারি। কিন্তু তাতে প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গির যে মৌলিক বিশ্বাস (the general thesis) তার কোন হেরফের হয় না। দেশ-কালে অন্তর্হীন এই প্রাকৃতিক জগত নিজ স্বরূপে ছিল, রয়েছে, ও থাকবে। হসার্লের ভাষায়, “[I]t remains ever, in the sense of general thesis, a world that has its being out there.”<sup>১৫</sup> **দ্বিতীয়ত:**, এই অবস্থান অপর যে কোন অবস্থানের তুলনায় অধিকতর মৌলিক। দৃষ্টান্তস্বরূপ, গাণিতিক দৃষ্টিভঙ্গির কথা বলা যেতে পারে। যতক্ষণ আমি গণিতের রাজ্যে বিচরণ করছি ততক্ষণ আমি গাণিতিক দৃষ্টিভঙ্গির মধ্যে। যতক্ষণ গণিত-তত্ত্বের গভীরে নিমজ্জিত ততক্ষণই গাণিতিক দৃষ্টিভঙ্গি আমাকে প্রভাবিত করে। তার বাইরে গণিতের জগত্ত্বের কোন প্রভাব আমার উপর পড়ে না। কিন্তু প্রাকৃতিক দৃষ্টিভঙ্গি পশ্চাৎপট হিসেবে সবসময় থাকে, এমন কি আমি যখন বিশুদ্ধ গণিতের গভীরে নিমজ্জিত তখনও। **তৃতীয়ত:**, প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গি তা সার্বিক, তাই সাধারণ কোন বিচারে এর অসংগতি ধরা পড়ে না। একজন জন্মান্তর মানুষের যেমন আলোর কোন ধারণা থাকে না তেমনি আজন্ম এই দৃষ্টিভঙ্গির মধ্যে বেড়ে ওঠার কারণে এর মধ্যে যে কোন ভ্রান্তি সম্ভব তা আমরা বুঝে উঠতে পারি না। মস্তব্য করা হয়েছে, “The thesis is the universal doxic basis of all worldly experience, but in itself it is not a worldly experience. It is an inborn attitude of the mind of which we are not normally conscious.”<sup>১৬</sup>

সম্পূর্ণ স্বতন্ত্র বর্হিজগতে এই অনড় বিশ্বাস যে ভ্রম তা আমরা তখনই বুঝতে পারবো যখন আমরা এই প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গি থেকে সম্পূর্ণ মুক্ত হতে পারবো। হসার্লের প্রভাসতত্ত্ব প্রয়োজনীয় সেই পদ্ধতির সন্ধান দিয়েছে। এই পদ্ধতির অনুশীলনের মধ্যে দিয়ে আমরা প্রকৃতিবাদী জগত্ত্বের ভ্রান্তি কাটিয়ে উঠে প্রভাসতাত্ত্বিক দৃষ্টিভঙ্গিতে উন্নীত হবো, যেখানে যাবতীয় বিষয় তথা জগত যথার্থরূপে প্রকাশ পাবে। হসার্লের প্রস্তাবিত এই পদ্ধতিকে সাধারণ অভিধায় ‘প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণ’ (Phenomenological Reduction) বলা হয়েছে।

হসার্ল প্রাকৃতিক বিশ্বাসের বিভ্রম থেকে মুক্তির উদ্দেশ্যে যে পদ্ধতির প্রস্তাব করেছেন সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে আমাদের অস্বস্তি হয় প্রভাসতাত্ত্বিক হসার্লকে ‘রূপান্তরকরণ’ (Reduction)-এর কথা বলতে শুনে। মনস্তত্ত্ববাদ (Psychologism), প্রত্যক্ষবাদ (Positivism) প্রভৃতি রূপান্তরবাদী দৃষ্টিভঙ্গির বিরোধিতার ব্রত নিয়ে যে প্রভাসতত্ত্বের উদ্ভব তা কি করে রূপান্তরবাদের মাধ্যমে শুরু হতে পারে! অবশ্য আমাদের আপাত-ভ্রান্তি কেটে যাবে যদি আমরা খেয়াল করি যে মূল জার্মান শব্দ ‘Reduktion’, যার থেকে ‘Reduction’ অনুদিত, তার অন্যতম অর্থ ‘মূলে ফিরে যাওয়া’ (zu den Sachen Selbst)। শব্দটির এই বুৎপত্তির বিষয়টি মনে রাখলে এই বিভ্রম কেটে যায়। এখানে ‘রূপান্তরকরণ’ শব্দে কোনরূপ মিতব্যয়িতার ইঙ্গিত নেই, এর অর্থ প্রকৃতিবাদী জগত্ত্বের যাবতীয় বিভ্রান্তি কাটিয়ে মূল বিষয়ে স্থিত হওয়া, প্রভাসের প্রকৃত অর্থ পুনরুদ্ধার করা।

প্রথমেই বলে রাখি, রূপান্তর-পদ্ধতিতত্ত্বের সূত্রায়ন প্রসঙ্গে হসার্ল ‘Reduction’ ছাড়া আরো কিছু পরিভাষা ব্যবহার করেছেন, যার মধ্যে গ্রীক শব্দ ‘Epoche’ (εποχή) এবং গাণিতিক পরিভাষা ‘Bracketing’ সবিশেষ উল্লেখযোগ্য। গ্রীক শব্দ ‘Epoche’ এর মধ্যে একটা নঞর্থক ব্যঞ্জনা আছে। প্রাচীন গ্রীক সংশয়বাদীরা শব্দটিকে ‘বিরত থাকা’ অর্থে ব্যবহার করতেন। হসার্ল ‘Epoche’ এর মাধ্যমে সব ধরনের প্রকৃতিবাদী সংস্কার তথা বিশ্বাসের প্রভাব থেকে আমাদের বিরত থাকতে উপদেশ করেছেন

। অপর শব্দ 'Bracketing' পাটিগণিতের পরিভাষা, যার অর্থ নির্দিষ্ট কোন অংশকে কার্যকরী চিন্তা-ভাবনার কেন্দ্র থেকে সরিয়ে রাখা। দৃষ্টান্ত স্বরূপ, যখন আমরা দ্বিতীয় বন্ধনীর কাজ করি তখন অন্যান্য বন্ধনীর কাজ করা থেকে বিরত থাকি। আলোচ্য প্রসঙ্গে এর অর্থ বিষয়ানুসন্ধান-কালে প্রকৃতিবাদী জগতত্ত্বের যাবতীয় পূর্ব-ধারণাকে চেতনার কেন্দ্র থেকে সরিয়ে রাখা।

হুসার্লের ব্যবহৃত এইসব পরিভাষা পর্যালোচনা করলে বোঝা যায়, প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণের দুটি দিক আছে : নঞর্থক দিক ও সদর্থক দিক। নঞর্থক অর্থে বিচার করলে এই পদ্ধতি আমাদের চিন্তা-চেতনাকে যে কোন পূর্ব-ধারণা তথা সংস্কার থেকে মুক্ত করার অঙ্গীকার করে। এইসব নির্বিচার ধ্যান-ধারণা যেন আমাদের চিন্তা-চেতনাকে কোনভাবে আচ্ছন্ন করতে না পারে। হুসার্ল অবশ্য সংশয়বাদীর মতো কোনকিছু অস্বীকার করছেন না; তিনি শুধু পূর্ব-ধারণা তথা সংস্কারগুলিকে বন্ধনীর মধ্যে রাখতে বলছেন। তিনি লিখছেন : *"We do not abandon the thesis we have adopted, we make no change in our conviction... yet the thesis undergoes a modification --- whilst remaining in itself what it is, we set as it were 'out of action', we 'disconnect' it, 'bracket' it. It still remains there as the bracketed in the bracket, like the disconnected outside the connexional system."* আর সদর্থক অর্থে বুঝলে প্রভাসতাত্ত্বিক রূপান্তরকরণের অর্থ হয় যাবতীয় সত্তার অর্থ তথা মূল্য যে অধিজাগতিক বিষয়ীর অভীক্ষা-ক্রিয়া (intentional acts) -র মাধ্যমে গঠিত হয়।

প্রসঙ্গতঃ বলে রাখি, বন্ধনীকরণ তথা রূপান্তরকরণ সম্বন্ধে সুসংবদ্ধ আলোচনা আমরা পাই *Ideas-I*-এ, বিশেষ করে §২৭ থেকে §৬২-র মধ্যে। এই গ্রন্থ এবং অন্যান্য রচনা অনুসরণ করলে বোঝা যায়, হুসার্ল-প্রস্তাবিত বন্ধনীকরণ তথা রূপান্তরকরণ পদ্ধতি বিভিন্ন নামে আত্মপ্রকাশ করেছে : দার্শনিক রূপান্তরকরণ (Philosophical Reduction), মনস্তাত্ত্বিক রূপান্তরকরণ (Psychological Reduction), সারসত্তাগত রূপান্তরকরণ (Eidetic Reduction), অধিজাগতিক রূপান্তরকরণ (Transcendental Reduction), জীবন-জগতগত রূপান্তরকরণ (Reduction to the Life-World) ইত্যাদি।

সাধারণভাবে বললে, বন্ধনীকরণ ('Epoche') তথা রূপান্তরকরণ (Reduction) -এর মাধ্যমে আমরা বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট অথচ বিষয়ের আবশ্যিক বা প্রকৃত অংশ নয় এমন বিষয়াংশ, অর্থাৎ তন্নিষ্ঠ বিশ্বাস বা সংস্কারসমূহকে বন্ধনীর মধ্যে রেখে মূল বিষয়ের অর্থ উদঘাটনে ব্রতী হই। এই রূপান্তরকরণের আগে যখন 'দার্শনিক' বিশেষণটি বসে তখন তার উদ্দেশ্য দার্শনিককে প্রচলিত বিভিন্ন ধরনের ধারণা ও তত্ত্বগত বিষয় থেকে মুক্ত রাখা। বস্তুতঃ, দার্শনিক রূপান্তরকরণের মাধ্যমে দার্শনিক যে কোন ধরনের পূর্বধারণা, নীতি ও তত্ত্ব থেকে নিজেকে মুক্ত রেখে স্বতন্ত্রভাবে নিজস্ব প্রঞ্জার আলোকে তত্ত্বানুসন্ধান ব্রতী হতে পারে। হুসার্লের ভাষায় : *"The philosophical (εποχη'), which we propose to adopt should consist, when explicitly formulated, in this that in respect to the theoretical content of all previous philosophy, we shall abstain from passing any judgement at all, and that our whole discussion shall respect the limits imposed by this abstention."* হুসার্লের মতে, দার্শনিক আত্মজ্ঞানের সার্বিকীকরণের চেষ্টা করেন, এবং তাই যে কোন ধরনের পূর্বধারণা থেকে দার্শনিককে মুক্ত হতে হয়।

আবার মনস্তাত্ত্বিক বন্ধনীকরণের কথা বলেছেন হুসার্ল। এই প্রক্রিয়ার মাধ্যমে আমরা বিচ্ছিন্ন বিশেষ মানসিক ঘটনাসমূহ থেকে তাদের অর্থের একীকরণ (unities of meaning) পৌঁছাই, সারসত্তায় উত্তরণের পথে একধাপ এগিয়ে যাই। হুসার্ল এ প্রসঙ্গে প্রাকৃত অভিজ্ঞতা-নির্ভর মনস্তত্ত্বের (empirical



psychology) দৃষ্টিভঙ্গী এবং প্রভাসতাত্ত্বিক মনস্তত্ত্বের (phenomenological psychology) দৃষ্টিভঙ্গীর পার্থক্য করেছেন। অভিজ্ঞতা-নির্ভর প্রচলিত মনস্তত্ত্ব জগতের অংশ হিসাবে মানসিক ঘটনাসমূহের বিবরণ করে। অন্যদিকে প্রভাসতাত্ত্বিক মনস্তত্ত্ব মানসিক ঘটনাসমূহের মৌলিক প্রকার তথা আবশ্যিক অর্থের সন্ধান করে; নিছক কার্য-কারণগত নিয়ন্ত্রণবাদের সংস্কার কাটিয়ে উঠে বিষয়াভিমুখিতার (intentionality) মাধ্যমে মানসিক ঘটনার অর্থ অনুধাবনের চেষ্টা করে।

তবে হুসার্লের রূপান্তরকরণ পদ্ধতিতত্ত্বের মূল বক্তব্য আমরা বুঝতে পারবো যদি আমরা (ক) প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণ (Phenomenological 'Epoche'), (খ) অধিজাগতিক রূপান্তরকরণ (Transcendental Reduction) এবং গ) সারসত্ত্বগত রূপান্তরকরণ (Eidetic Reduction) - এই তিনপ্রকার বা ত্রি-স্তরীয় প্রক্রিয়ার বিবরণ করি। তখন বুঝতে পারবো, অপরাপর অভিধায়িত রূপান্তর-প্রক্রিয়াগুলিকে এদের যে কোন একটির আদলে ব্যাখ্যা করা যায়। যাইহোক, স্থানাভাবের কথা মাথায় রেখে আমরা হুসার্লকে অনুসরণ করে উক্ত তিনপ্রকার রূপান্তর-প্রক্রিয়ার স্বরূপ, লক্ষ্য ও পরিণতি বুঝে নেওয়ার চেষ্টা করব।

ক) প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণ: প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণের মাধ্যমে আমরা আমাদের আজম্বলালিত প্রাকৃত বিশ্বাস, ধ্যানধারণা তথা সংস্কার থেকে নিজেদের মুক্ত করতে প্রয়াসী হই। প্রভাস বা বিষয়ের প্রকৃত অংশ নয় অথচ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট ধ্যানধারণা বা সংস্কার থেকে তত্ত্ব-সন্ধানীকে মুক্ত করাই এর লক্ষ্য। অধ্যাপক স্পিগেলবার্গের ভাষায় : “Its main function is to free the phenomenon from all transphenomenal elements, notably from all beliefs in transphenomenal existence, thus leaving us with what is indubitably or ‘absolutely’ given.”<sup>১৩</sup> বলাবাহুল্য, আমাদের প্রকৃতিবাদী বিচারধারায় কোন কিছু সম্পর্কে অনুসন্ধান করার সময় সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে অনেক কিছু ধরে নেওয়া হয়। যেমন, মনে করি বিষয়টি আমার সামনে যেভাবে প্রদত্ত সেটাই তার চূড়ান্ত স্বরূপ এবং তা পূর্বনির্দিষ্ট ও বস্তুগত। আমাদের বিষয়টিকে এভাবে গ্রহণ করা ছাড়া গত্যন্তর নেই। কিন্তু রেণে দেকার্ত দেখিয়েছেন যে আমাদের বিষয়কে এভাবে গ্রহণ করা যথাযথ নয়। এরমধ্যে সংস্কারের বিভ্রম রয়েছে। তাছাড়া, আমাদের পূর্ণ স্বাধীনতা আছে যাবতীয় পূর্বধারণা ও সংস্কারকে সংশয় করা। প্রভাস বা বিষয় সম্পর্কে সংশয় করা ও তদানুযায়ী বিচার করার মধ্যে দিয়েই প্রভাসের প্রকৃত স্বরূপ বোঝা যেতে পারে। জাগতিকতার বিভিন্ন বন্ধন থেকে আমাদের চেতনাকে মুক্ত করার এই প্রক্রিয়ার নাম প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণ।

কিন্তু প্রশ্ন হল, কিভাবে এই বন্ধনীকরণ সম্পন্ন হবে ? হুসার্লের ভাষায় বললে : “We put out of action the general thesis which belongs to the essence of the natural standpoint, we place in brackets whatever includes respecting the nature of Being.”<sup>১৪</sup> তিনি এই প্রাকৃতিক জগদ্বীক্ষার উপর নির্ভর প্রাকৃতিক অভিজ্ঞতানির্ভর বিজ্ঞানসমূহকেও বন্ধনীর মধ্যে রাখার কথা বলেছেন : “I disconnect them all, I make absolutely no use of their standards, I do not appropriate a single one of the propositions that enter into their systems even though their evidential value is perfect, I take none of them, no one of them serves me for a foundation.”<sup>১৫</sup>

যাইহোক, হুসার্ল যে ‘put out of action’, ‘turn off’ ইত্যাদি পরিভাষা ব্যবহার করেছেন তাতে বোঝা যায় তিনি কোন কিছুকে অস্বীকার করছেন না। তিনি মনে করেন, এগুলিকে বন্ধনীকৃত করার পরে গ্রহণ করা যায় : “I may accept it only after I have placed it in the bracket ...only

in the modified consciousness of the judgement as it appears in disconnexion.”<sup>২২</sup>

(খ) অধিজাগতিক রূপান্তরকরণ : প্রাকৃতিক জগদ্বীক্ষায় যাবতীয় সংস্কারকে বন্ধনীকরণের পর আমরা এক বিশুদ্ধ চেতনার অধিজগতে প্রবেশ করি। আমাদের চেতনা তখন জাগতিকতার যাবতীয় বন্ধন থেকে মুক্ত হয়ে স্বস্বরূপে নিজেকে প্রকাশ করে। আমরা বুঝতে পারি : “Consciousness in itself has a being of its own which in its absolute uniqueness of nature remains unaffected by the phenomenological disconnexion.”<sup>২৩</sup> এই স্বনির্ভর বিশুদ্ধ চেতনার মধ্যে সমুদায় বিষয়ের অর্থের সূত্র রয়েছে। হুসার্ল এই বিশুদ্ধ চেতনাকে প্রভাসতাত্ত্বিক অবশেষ - ‘phenomenological residuum’<sup>২৪</sup> — হিসাবে উল্লেখ করেছেন এবং একে প্রভাসতত্ত্ব রূপ নতুন বিজ্ঞানের অনুসন্ধান ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছেন।

প্রভাসতাত্ত্বিক পদ্ধতির এই সদর্থক দিকটিকে অধিজাগতিক রূপান্তরকরণ (Transcendental Reduction) বলা হয়েছে। হুসার্ল স্বয়ং অবশ্য প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণ এবং অধিজাগতিক রূপান্তরকরণের সুস্পষ্ট পার্থক্য করেন নি। তবে তাঁর বক্তব্যের মধ্যে এই পার্থক্যের ইঙ্গিত অতীব সুস্পষ্ট। যাইহোক, এই অধিজাগতিক রূপান্তরকরণের মধ্য দিয়েই কেবল আমরা বুঝতে পারি যেসব বিষয়-আশয়কে আমরা একান্ত পূর্বনির্দিষ্ট, বস্তুগত বলে গ্রহণ করতাম সেইসব সত্তার প্রকৃত উৎস রয়েছে অধিজাগতিক বিষয়ী (Transcendental Subjectivity)-র মধ্যে। আমরা এই পর্যায়ে এসে বিষয়ের উৎস-মূলের সন্ধান পাই : “[A] 11 reference to the ‘transcendent’ as the intentional correlate of our acts and to trace them back to the immanent or ‘transcendental’ acts in which they have their source.”<sup>২৫</sup> হুসার্ল চেতনার বিষয়াভিমুখিতার (intentionality) প্রতি আমাদের মনোযোগ আকর্ষণ করেছেন। বিষয়ামুখী চেতনার সক্রিয়তার মধ্য দিয়ে কিভাবে জাগতিক বিষয়সমূহের অর্থ গঠিত হয় তার পূর্ণাঙ্গ বিশ্লেষণ করেছেন তিনি যাকে গঠনগত প্রভাসতত্ত্ব (Constitutive Phenomenology) বলা যায়। তাঁর *Ideas -II* গৃহ্যটিতে এই গঠন-প্রক্রিয়ার পূর্ণাঙ্গ বিবরণ রয়েছে।

গ) সারসত্ত্বগত রূপান্তরকরণ : অভিজ্ঞতার বিষয়ের পরিবর্তনশীল বৈশিষ্ট্য তথা আপতিকতাকে বন্ধনীকরণের মাধ্যমে আদর্শ সারধর্মে উত্তরণের প্রক্রিয়াকে সারসত্ত্বগত রূপান্তরকরণ বলা হয়। হুসার্লের ভাষায় : “The corresponding Reduction which leads from the psychological phenomenon to the pure ‘essence’, or, in respect of the judging thought, from factual (‘empirical’) to ‘essential’ universality, is the eidetic Reduction.”<sup>২৬</sup> আপতিকতার বন্ধনীকরণের মধ্য দিয়ে দেশ-কাল-উদ্ভীর্ণ বিশুদ্ধ সারধর্মে উন্নীত হওয়ার এই রূপান্তর-প্রক্রিয়াকে সারধর্মগত রূপান্তরকরণ বলা হয়েছে।

চেতনার ক্রিয়া (acts of consciousness) এবং চেতনার বিষয় (objects) চেতনার বিষয়, যাকে হুসার্ল ‘noema’ বলেছেন<sup>২৭</sup>, উভয়ই এই প্রক্রিয়ার মধ্য দিয়ে সাধারণ সারধর্মের জগতে পৌঁছায়, এভাবে চূড়ান্ত আবশ্যিকতায় পৌঁছায়, এবং চেতনা দেশ-কালের উর্দ্বৈ আদর্শ-বস্তুর জগতে নিজেকে স্থাপন করতে পারে। কিভাবে বিষয়ের রূপান্তরকরণ সম্পন্ন হয় তা বলতে গিয়ে হুসার্লের অন্যতম ভাষ্যকার সুজেন ক্যানিংহাম লিখছেন “This reduction of the object is accomplished by varying the modes of consciousness which apprehend the object — e.g., between perceiving and imagining — with special concentration on the mode of imagination since it requires the least amount of individuation and particularization.”<sup>২৮</sup> হুসার্ল সারধর্ম গ্রহণের জন্য বিশেষ প্রত্যক্ষ বা স্বজ্ঞার (eidetic intuition) কথা বলেছেন, বাস্তবতার সীমা অতিক্রম করে আদর্শ

অর্থের জগতে প্রবেশ করার জন্য একরকম 'imaginative free variation'- এর কথা বলেছেন, যার মাধ্যমে ইন্ড্রিয়ের সামনে প্রদত্ত সীমিত দৃষ্টান্তকে ছাড়িয়ে চেতনা অসীম সম্ভাবনার জগতে প্রবেশ করে। একই সঙ্গে এই সারসত্তাগত রূপান্তর ঘটে চেতনার ক্রিয়াসমূহের ক্ষেত্রেও, যাকে হসার্ল 'noeisis' বলেছেন।

“By varying the object of perception, for example, and noting the elements of the acts of perceiving which remain constant regardless of their objects, or as Husserl tells us, by merely imagining ourselves as perceiving all ties with actuality and moving by fantasy into the realm of pure possibility, the pure *eidosis*.”<sup>১৯</sup> অর্থাৎ, আমাদের চিন্তনক্রিয়াও এভাবে বিষয়ের মতো জাগতিকতার, বাস্তবতা, অন্য ভাষায়, দেশ-কালের সীমা অতিক্রম করে পূর্ণ বিশ্বদ্বি লাভ করে। একই সঙ্গে বিষয়ী-মেরুও (the subject-pole) দেশ-কালোত্তীর্ণ হয়, সারসত্তার আদর্শ জগতে প্রবেশ করে। তখন অধিজাগতিক অহম আপন স্বরূপে উদভাসিত হয় : “The transcendental ego is no longer *de facto* ego, but becomes any possible transcendental ego of which my own is merely one actual exemplification.”<sup>২০</sup>


এভাবে আমরা দেখছি প্রভাসতাত্ত্বিক বন্ধনীকরণ ও অধিজাগতিক রূপান্তরকরণ আমাদের চেতনাকে এককসত্ত্ব (individual objects) বিষয়ে সীমাবদ্ধ করে রাখে। রূপান্তরকরণ প্রক্রিয়ার মাধ্যমে আমরা সত্তাগত তথা দেশগত বিশ্বাস বা সংস্কারের সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে পারি। কিন্তু কালের সীমা কাটিয়ে উঠতে পারি না। ফলতঃ, আমরা অবভাসবাদ (phenomenalism) -এর দিকে ঝুঁকে পড়তে পারি। এই প্রবণতার উর্দে ওঠার লক্ষ্যকে সামনে রেখে হসার্ল সারসত্তাগত রূপান্তরকরণের প্রস্তাব করেছেন। এ প্রক্রিয়ার মধ্য দিয়ে আমরা দেশ-কালের সীমানা অতিক্রম করতে পারি। এই দেশ-কালোত্তীর্ণ বিশ্বদ্বি সত্তাই বিশ্বদ্বি চিন্তনের বিষয় হয়।

এখানে সবিশেষ উল্লেখের দাবী রাখে, হসার্ল তাঁর সর্বশেষ রচনা “*The Crisis of European Sciences and Transcendental Phenomenology*” গৃহে তাঁর রূপান্তরকরণ পদ্ধতিতত্ত্বের পুনর্বিবেচনা করেছেন। এই পর্যায়ে এসে তাঁর মনে হয়েছে তাঁর আগেকার প্রস্তাবে বড় ধরনের ত্রুটি (তাঁর ভাষায়, ‘a great shortcoming’<sup>২১</sup>) রয়ে গিয়েছে। তাঁর মনে হয়েছে, ধাপে ধাপে বন্ধনীকরণের মাধ্যমে যেভাবে সার্বিক বিয়ুক্তির কথা বলা হয়েছে তাতে পুনরায় ঘুরে প্রকৃতিবাদী বিভ্রান্তিতে পড়ার সম্ভাবনা থেকেই যায়। তাই এর পরিবর্তে আমাদের এক ধরনের স্থায়ী অভ্যাস গড়ে তুলতে হবে যাতে করে একক প্রচেষ্টায় ভ্রান্তিকে অতিক্রম করতে পারি। তিনি এ প্রসঙ্গে ধর্মাস্তকরণের প্রসঙ্গ তুলেছেন।<sup>২২</sup> তিনি লিখছেন : “Instead of this universal abstention in individual steps, a completely different sort of universal ‘epoche’ is possible, namely, one which puts out of action, with one blow, the total performance running through the whole of natural world-life and through the whole network (whether concealed or open) of validities— precisely that total performance which as the coherent ‘natural attitude’ makes up ‘simple’, ‘straight’ ongoing life.”<sup>২৩</sup> তাঁর উপলব্ধি হয় যে রূপান্তর-পদ্ধতি যখন অধিজাগতিক স্তরে উত্তরণের কথা বলে তখন তা শূন্যগর্ভ মনে হয়। এর কারণ হিসাবে তিনি পূর্ব-প্রস্তুতির অনুপস্থিতিকে দায়ী করেছেন। প্রভাসতত্ত্বকে যে এক সম্পূর্ণ মৌলিক বিজ্ঞান হিসাবে গড়ে তোলার জন্য, যা যাবতীয় জ্ঞান-বিজ্ঞান তথা দর্শনের পক্ষে অপরিহার্য, আমাদের জগতের ধারণাটিকে আরো সুস্পষ্ট করা প্রয়োজন। তাঁর ‘জীবন-জগৎ’ (the life-world) -এর নতুন ধারণা এই ফাঁকটুকু ভরাট করার একটা প্রচেষ্টা। তিনি *The Crisis* গৃহে যে প্রাক-চিন্তন, প্রাক-বিজ্ঞান স্তরের জীবন-জগতের কথা বলেছেন

(মধ্যস্থতাকারী স্তর!) সেখানে দাঁড়িয়ে প্রস্তুতিপর্ব সেরে নিয়ে আমরা অধিজাগতিক রূপান্তরকরণের পথে অগ্রসর হতে পারি। অবশ্য প্রাকৃতিক জগত তথা বিমূর্তবিজ্ঞানের জগত থেকে জীবনের জগতের আঙিনায় পৌঁছানোর জন্য হসার্ল অন্তর্বর্তী আরেক রূপান্তরকরণের কথা বলেছেন : জীবন-জগৎ গত রূপান্তরকরণ (Reduction to the Life-World)<sup>২৪</sup> তিনি বিমূর্ততা ও অর্থের আন্তরণ ভেঙ্গে ফেলে মূর্ত অভিজ্ঞতার জগতে ফিরতে চেয়েছেন।

বন্ধনীকরণ-রূপান্তরকরণ প্রসঙ্গে ডেকার্তের প্রসঙ্গ না তুললে আলোচনা অসম্পূর্ণ থেকে যায়। হসার্ল কৃতজ্ঞচিত্তে স্মরণ করেছেন যে ডেকার্তের সংশয়পদ্ধতিই তাঁর রূপান্তরবাদের প্রেরণা। আমরা জানি ডেকার্তই প্রথম যাবতীয় সংস্কার তথা বিচারহীন ধ্যানধারণাকে অতিক্রম করে নিঃসন্দ্বিগ্ন সত্যে উপনীত হওয়ার অঙ্গীকার করেছিলেন। তিনি মনে করতেন প্রকৃত সত্যে পৌঁছানোর জন্য প্রারম্ভিক সংশয় একান্ত প্রয়োজনীয়। আর সবকিছুতে সংশয় করার স্বাধীনতা, অধিকার ও সামর্থ্য আমাদের আছে। হসার্ল ডেকার্তের এই প্রচেষ্টাকে ‘যুগান্তকারী মডেল’ হিসাবে চিহ্নিত করেছেন। অবশ্য একইসঙ্গে তিনি মনে করেন ডেকার্ত তাঁর সংশয়-প্রকরণের চূড়ান্ত তাৎপর্য অনুধাবন করতে ব্যর্থ হয়েছেন। ডেকার্ত যাবতীয় বিশ্বাস তথা সংস্কারকে সংশয়ের বিষয় করেছিলেন, কিন্তু আত্মসত্তাকে নিঃসন্দ্বিগ্ন সত্য হিসাবে স্বীকার করেছেন। তিনি যে আত্মসত্তাকে স্বীকার করেছেন তা প্রাকৃতিক জগতের এক অংশ (এবং তাই বলা যেতে পারে ইহা ‘natural, empirical ego’) হওয়ায় ‘সর্বের মধ্যে ভূতে’র মতো বহির্জাগতিকতার যাবতীয় সংস্কার তার মধ্যে থেকেই গেছিল। অহম-এর বিশুদ্ধিকরণ, নিরপেক্ষীকরণ না হওয়ায় কার্তেজীয় অহম ‘a little tag-end of the world’<sup>২৫</sup> হিসাবে রয়ে গেছে। ফলতঃ, বিশুদ্ধ চেতনা তথা অধিজাগতিক বিষয়ীর ধারণা ডেকার্তের অধরাই থেকে গেছে। হসার্ল তাই মন্তব্য করেছেন, “Consequently he stands on the threshold of the greatest of all discoveries — that in a certain manner, has already made it — yet he does not grasp its proper sense, namely of the transcendental subjectivity, and so does not pass through the gate-way that leads into genuine phenomenology.”<sup>২৬</sup> হসার্ল কার্তেজীয় সীমাবদ্ধতাকে অতিক্রম করে জাগতিকতার বন্ধন থেকে মুক্ত বিশুদ্ধ চেতনা তথা অধিজাগতিক বিষয়ীর আলোকে বিষয়সমূহের অর্থ নিরূপণে আত্মনিয়োগ করেছেন।

আলোচনার শেষাংশে আমরা হসার্লের রূপান্তর-পদ্ধতিতত্ত্বের বিরুদ্ধে উঠা প্রধান কয়েকটি অভিযোগ তথা সমালোচনার পুনর্বিচারে সচেতন হব। সমালোচনা এসেছে মূলতঃ দুই শিবির থেকে — অস্তিবাদী শিবির ও প্রত্যক্ষবাদী-বিশ্লেষণী দর্শনের শিবির। মার্টিন হাইডেগার, জাঁ-পল সার্ত্র, মরিস মালোর্-পঁতি প্রমুখ প্রভাসতত্ত্বের বর্ণনাত্মক বিবরণ (Descriptive Phenomenology) সমর্থন করেন। আমাদের সত্তা যেভাবে প্রদত্ত তাকে ঠিক সেভাবে গ্রহণ করা, প্রদত্ত বিষয়ের বিশ্লেষণের ক্ষেত্রে ব্যাখ্যাধর্মী প্রকল্প (explanatory hypothesis) ধরে না নেওয়ার প্রশ্নে তাঁরা হসার্লের প্রভাসতত্ত্বের সহগামী। কিন্তু অধিজাগতিকতার প্রবেশদ্বার রূপান্তরকরণ পদ্ধতি, বিশেষ করে সার্বিক বন্ধনীকরণ (Universal ‘Epoche’) তথা অধিজাগতিক রূপান্তরকরণের (Transcendental Reduction) তাঁরা বিরোধিতা করেন। তাঁদের বক্তব্য, আমাদের সত্তা জগত-স্থিত-সত্তা (Being-in-the-world) আমাদের দেহ-মন, চিন্তাভাবনা জগতের সঙ্গে এমন অবিচ্ছেদ্য সম্পর্কে সম্পর্কিত যে জাগতিকতাকে অতিক্রম করা বা অঙ্গীকার করা সম্ভব নয়। তাই সার্বিক বন্ধনীকরণ বা অধিজাগতিক রূপান্তরকরণ সম্ভব নয়। এমনকি জগতকে বন্ধনীর মধ্যে রাখলে আমাদের ক্রিয়াকর্ম, বিষয়-আশয়ের ব্যাখ্যাকরণও সম্ভব হবে না। হাইডেগার মনে করেন, অধিজাগতিক দৃষ্টিভঙ্গি গ্রহণের মাধ্যমে প্রাকৃতিক দৃষ্টিভঙ্গীকে পুনঃস্থাপন (replace) করার যে প্রচেষ্টা হসার্ল করেছেন তা ভ্রান্তদর্শী। কেননা সত্তা (Being) -র বন্ধনীকরণের কথা বলা অর্থহীন। সত্তা



আমাদের নির্বাচনের বিষয়ই নয় — সত্তা শুধুই আছে (is simply there)। মানবসত্তা, যাকে তিনি ‘Dasein’ হিসাবে ব্যাখ্যা করেছেন, তা জগৎ-মধ্যস্থ সত্তা। তাই জগৎকে অস্বীকার করা বা অতিক্রম করার প্রশ্নই উঠে না। সার্ব্ৰ অবশ্য মনে করেন, অভ্যাসগত কিছু সংস্কারকে বন্ধনীর মধ্যে রাখা প্রয়োজন, কিছু বিশ্বাস থেকে মুক্ত হওয়া জরুরী। তবে জগৎকে সম্পূর্ণতঃ বন্ধনীর মধ্যে রাখা সম্ভব নয়। অধিজাগতিক রূপান্তরকরণ, সার্ব্ৰের বিচারেও, সম্ভব নয়। তিনি এ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে লিখছেন : “The natural attitude is perfectly coherent.”<sup>২৭</sup> এবং তাই আমাদের তার থেকে মুক্তি খোঁজা নিরর্থক। অনেকটা একইরকমভাবে মার্লো-পঁতি মনে করেন, সম্পূর্ণ বন্ধনীকরণ সম্ভব নয়। তবে হসার্ল প্রস্তাবিত এই প্রক্রিয়ায় জগতের সঙ্গে আমাদের বিষয়ামুখী রহস্যময় সম্পর্ক প্রকাশ পায় বলে তিনি মত পোষণ করেন। তাঁর ভাষায় : “[I] t slackens the intentional threads which attach us to the world because it reveals the world as strange and paradoxical.”<sup>২৮</sup> বন্ধনীকরণের প্রচেষ্টার মধ্য দিয়ে আমরা শিখি পূর্ণ বন্ধনীকরণ সম্ভব নয়। তাঁর বিখ্যাত উক্তি : “The most important lesson which the reduction teaches us is the impossibility of complete reduction.”<sup>২৯</sup>

অস্তিবাদীদের সমালোচনার পরিপ্রেক্ষিতে আমরা কয়েকটি কথা বলতে চাই। প্রথমতঃ মনে রাখতে হবে, অস্তিবাদীদের উদ্দেশ্য আর হসার্লের উদ্দেশ্য এক নয়। অস্তিবাদীরা নিজেদের জীবনবোধ তথা বিশ্বাসের উপর দাঁড়িয়ে মানব-অস্তিত্বের ধরন ব্যাখ্যায় মনোনিবেশ করেছেন। হসার্লের প্রভাসতত্ত্ব পদ্ধতি হিসাবে তাঁদের সাহায্য করেছে। প্রভাসতাত্ত্বিক পদ্ধতির যতটুকু মূর্ত মানব-অস্তিত্ব বিচারে কাজে এসেছে ততটুকুই তাঁরা গ্রহণ করেছেন। হসার্লের প্রভাসতত্ত্বের সম্যক অধ্যয়ন ও বিচারে তাঁদের হৃদয়-মন কতটা ছিল সে বিষয়ে সংশয় আছে। তাই রূপান্তরকরণ পদ্ধতিতত্ত্বের মূল উদ্দেশ্য স্বীকৃতি-শূন্য ও কঠোর বিজ্ঞানের পথে দর্শনকে নিয়ে আসা, জ্ঞানতত্ত্বের চূড়ান্ত ভিত্তির সন্ধান করা। এবং তারজন্য জাগতিকতার নির্বিচার সংস্কার তথা পূর্ববিশ্বাসগুলিকে বন্ধনীর মধ্যে রাখা, তাদের প্রভাব থেকে নিজেদের মুক্ত করা জরুরী। হসার্লের রূপান্তরকরণ পদ্ধতি জগতের প্রকৃত অর্থ নিরূপণের উদ্দেশ্যে জাগতিকতার বিভ্রমকে কাটিয়ে উঠার চেষ্টার গুরুত্ব তাঁরা বুঝতে চান নি। দ্বিতীয়তঃ, মনে রাখতে হবে, হসার্ল কিন্তু কখনোই জগৎকে অস্বীকার বা বর্জন করার কথা বলেন নি। তিনি শুধু প্রকৃতিবাদী বিশ্বাসসমূহের নির্বিচার প্রভাব থেকে আমাদের মুক্ত করার জন্য সেগুলিকে বিচারের মঞ্চ থেকে পাশে সরিয়ে রাখতে চেয়েছেন, যাতে করে জগতের প্রকৃত অর্থ প্রকাশ পেতে পারে।

প্রসঙ্গতঃ, এখানে কার্য-কারণাধীন এই প্রাকৃতিক জগৎ থেকে বিরত থাকা অথচ জগৎকে অস্বীকার না করা-এর অর্থ পরিষ্কার হওয়া প্রয়োজন। বন্ধনীকরণের পর অনুসন্ধানকারী দার্শনিক আর বস্তু-বিষয়ে কথা বলেন না, কথা বলেন বস্তুর জ্ঞান বিষয়ে। এটি একটি পদ্ধতি যার মাধ্যমে চেতনা নিজেকে নিজের উপর স্থাপন করতে সমর্থ হয়, পূর্ণ স্বাতন্ত্র্যে স্থিত হয়, আর স্থগিত হয়ে যায় সবকিছু যা চেতনার বাইরে। একজন প্রভাসতাত্ত্বিক জ্ঞানবিজ্ঞানের চূড়ান্ত ভিত্তিভূমির সন্ধানে ব্যাপ্ত। তাঁর কাছে বহির্জগতে অস্তিত্বের বিষয়টি আর প্রয়োজনীয় থাকে না। প্রাসঙ্গিক কোন কোন শর্তে জ্ঞান সম্ভব হয় তার বিচার করাটাই মুখ্য হয়ে উঠে। যখন প্রভাসতাত্ত্বিক আমি একটি গাছকে প্রত্যক্ষ করি তখন সংশ্লিষ্ট গাছটি আছে, কি নেই — এই প্রশ্ন গুরুত্বপূর্ণ নয়। বস্তুতঃপক্ষে, গাছটি যে আছে সে বিষয়ে হয়তো সংশয় নেই। কিন্তু প্রভাসতাত্ত্বিক দার্শনিকের সেটা বিবেচ্য নয়; তার বিবেচ্য এই প্রত্যক্ষ-অভিজ্ঞতার যথার্থ অবয়বটি কেমন। প্রভাসের পূর্ণাঙ্গ অবয়ব ও তার অর্থোদ্ধার করাই প্রভাসতাত্ত্বিকের কাজ।<sup>৩০</sup> তৃতীয়তঃ, চেতনার সত্তা স্বতঃসিদ্ধ ও এর স্বাতন্ত্র্য স্বতঃপ্রমাণ। এই স্বাতন্ত্র্যের দৌলতে চেতনা যাবতীয় সংস্কার তথা পূর্ববিশ্বাস থেকে নিজেকে উদ্ধে স্থাপন করতে পারে। অস্তিবাদীরা চেতনার পূর্ণ স্বাতন্ত্র্য স্বীকার করেন না। তাই

জাগতিকতার সমুদায় ঘটনা-ক্রম থেকে মুক্ত হয়ে চেতনার সে 'নিরপেক্ষ পর্যবেক্ষকে'-র ভূমিকায় অবস্থান করতে পারে তা তাঁরা বুঝতে চান না। চতুর্থতঃ; এরকম যুক্তি দেওয়া হয় যে একবার জগতকে অতিক্রম করে গিয়ে বিশুদ্ধ অধিজগতে প্রবেশ করলে তার থেকে আর ফিরে আসা সম্ভব নয়। বলাবাহুল্য, এ ধারণা যথার্থ নয়। হুসার্ল প্লাটোর মতো দু'টি স্বতন্ত্র জগতের কল্পনা করেন নি। তাঁর মতে, জগত আসলে একটিই, দেখার ভঙ্গী আলাদা হতে পারে। এখানে যে প্রাকৃতিক জগৎ ও অধিজগৎ— এই দু'রকম জগতের কথা আছে তা আসলে দেখার ভঙ্গিমার জন্য। অধ্যাপক মোহান্তি সুন্দরভাবে বিষয়টিকে ব্যক্ত করেছেন : “The transcendental is the mundane, only freed from that naivety and self-interpretation which constitute mundanity.”<sup>৩১</sup>

পরিশেষে, আমরা যৌক্তিক প্রত্যক্ষবাদী তথা বিশ্লেষণী দার্শনিকদের তোলা দু'একটি অভিযোগের উত্তর খোঁজার চেষ্টা করব। গিলবার্ট'রাইল, এ.জে. এয়ার প্রমুখ দার্শনিক হুসার্লের স্বীকৃতিশূন্যতা তথা চরম প্রারম্ভের আদর্শের তীব্র বিরোধিতা করেন। তাঁদের বক্তব্য, কোন চিন্তন, কোন অবধারণ পূর্বধারণার প্রয়োগ ব্যতিরেকে সম্ভব নয়। তাই যাবতীয় ধারণা বা সংস্কারকে পাশে সরিয়ে রাখার প্রস্তাব অর্থহীন। আবার ইচ্ছে করলেই সব ধারণা বা সামগ্রিক ধারণা-কাঠামোটিকে একসঙ্গে শোধন করে নেওয়াও সম্ভব নয়। এমন কি, কোন একটি ধারণার পরীক্ষা করতে গেলে অপরকিছু ধারণার প্রয়োগ প্রয়োজন হয়। অধিকন্তু, এয়ার অভিযোগ করেছেন, কোন বস্তুর সত্তা তার চেতনার বিষয় হওয়ার সঙ্গে অভিন্ন (identity of being of thing and its being for consciousness) - হুসার্লের এই ধারণা কি পূর্ববিশ্বাস নয় ? সত্তা অধিজাগতিক চেতনার আরোপিত অর্থের অতিরিক্ত আর কিছু নয় ? —এয়ারের জিজ্ঞাসা।

উপরের অভিযোগের উত্তরে আমরা বলব, আদর্শ হিসাবে স্বীকৃতিশূন্যতার প্রস্তাবের মধ্যে কোন ভ্রান্তি নেই। তবে ঐ আদর্শকে বাস্তবে অনুশীলন করা যথেষ্ট কষ্টসাধ্য ও দীর্ঘ অভ্যাসের প্রয়োজন হয়। এ বিষয়ে হুসার্ল সচেতন ছিলেন এবং তাই তিনি বিভিন্ন রচনায় বারবার এসব প্রসঙ্গ উত্থাপন করেছেন। তিনি প্রায়শই বলতেন রূপান্তরকরণের যথোচিত পূর্ণাঙ্গ বিবরণ এখনো সামনে আসেনি। হুসার্ল অবশ্য অস্বীকার করছেন না যে ধারণার মাধ্যমেই চিন্তা-ভাবনা সম্ভব। তাঁর বক্তব্য শুধু এটুকুই যে কোন ধারণাকে যাচাই না করে ব্যবহার করা, তাকে চূড়ান্ত হিসাবে মেনে নেওয়া ঠিক নয়। যতক্ষণ না ঐ ধারণার শোধন হচ্ছে ততক্ষণ ঐ ধারণা সম্পর্কে কোন পক্ষ না নেওয়াই বিধেয়।

ধারণার স্বরূপ তথা সামগ্রিকভাবে ভাষা সম্পর্কে হুসার্লের বক্তব্য এখানে অনুধাবনযোগ্য। আপাতবিচারে ধারণাসমূহ তথা সামগ্রিকভাবে ভাষাকে নিছক বস্তুগত কাঠামো বলে মনে হয়। কিন্তু আমরা যদি তাদের উৎপত্তি সূত্রের সন্ধান করি তাহলে দেখব যে আমাদের বিষয়াভিমুখী বিষয়ী-ক্রিয়ার (intentional acts) মাধ্যমে স্তরে স্তরে আর্ন্তব্যক্তিক অভীক্ষার মধ্য দিয়ে এই কাঠামোগুলো গড়ে ওঠে। যাইহোক, হুসার্লের অধিজাগতিক রূপান্তরকরণের মাধ্যমেই আমরা প্রাকৃতিক নির্বিচারবাদের ভ্রম কাটিয়ে উঠতে পারি। তখন বুঝতে পারি তিনি কোন কিছুই অস্বীকার করছেন না। শুধু নির্বিচারবাদের বেড়াজালে আটকে থাকা বিষয়ের অর্থের পুনরুদ্ধারের অস্বীকার করেছেন তিনি। তবে একবারের চেষ্টায় নির্ভুলভাবে একাজ সম্ভব হবে এরকম ভাবা ঠিক নয়। অধ্যাপক মোহান্তি লিখছেন : “[I] t is not a matter of exclusive disjunction that *either* we all at once, and without any risk of failure, execute the reduction and put all concepts or suppositions at a stroke, *or* we do not at all.”<sup>৩২</sup> তিনি কঠোর অনুশীলন, অধ্যবসায় ও নিরন্তর নজরদারির কথা বলেছেন।

অধিকন্তু, সত্তাকে চেতনার সঙ্গে একাকার করে ফেলেছেন হুসার্ল — এর উত্তরে বলব চেতনার সত্তা স্বতন্ত্র এবং পূর্ণ স্বাতন্ত্র্য তার আছে বলে সে সবকিছু থেকে নিজেসব সুরিয়ে ফেলতে পারে।

স্মরণে রাখতে হবে, বস্তুর সত্তা বা অর্থ চেতনা ছাড়া আর কোথাও ধরা পড়ে না। আর বস্তুর কথিত বাস্তব সত্তায় বিশ্বাস নির্বিচার পূর্বধারণা, আমরা অভিজ্ঞতায় যা পাই তার দ্বারা সমর্থিত হয় না। আরো কথা, হসার্ল এখানে আত্মগত অহংতত্ত্ব প্রচার করছেন না। তাঁর বিষয়াভিমুখিতার তত্ত্ব (চেতনা মানেই কোন না কোন কিছুর চেতনা, নির্বিষয় চেতনা বলে কিছু নেই) - এর ইঙ্গিত এটাই যে জগতের প্রকৃত স্বরূপ, তার অর্থ পুনরুদ্ধার করতে হবে। হসার্লের এই অঙ্গীকারবাক্যটি তাই প্রণিধানযোগ্য : "I must lose the world by 'epoche'" in order to regain it by universal self-examination."<sup>৩০</sup>

#### উৎসপঞ্জি ও টীকা :

\* জার্মান শব্দ 'Phanomenologie'র ইংরেজী প্রতিশব্দ 'Phenomenology' নিয়ে কোন সমস্যা নেই। কিন্তু বাংলা প্রতিশব্দ নিয়ে ঐকমত্য এখনো গড়ে উঠলো না। কেউ কেউ একাধিক শব্দ ব্যবহার করছেন, যেমন 'প্রকাশিত সত্তাতত্ত্ব', 'প্রকাশবাদী তত্ত্ব' ইত্যাদি, যার কোন প্রয়োজন আছে বলে মনে হয় না। বিষয়টিকে একটি মাত্র শব্দ 'প্রভাসতত্ত্ব'-এর মাধ্যমে প্রকাশ করা যায় সার্থকভাবে। কিন্তু 'অবভাসতত্ত্ব' বা 'উপভাসতত্ত্ব' উপযুক্ত নয় - এখানে বিষয় যেমন তাকে ঠিক সেভাবেই গ্রহণ করার উপদেশ। তাই অপকৃষ্টতার ইঙ্গিতবাহী 'অব' বা 'উপ' উপসর্গ ব্যবহার্য নয়। Phenomenology আমাদের চেতনার সামনে প্রকৃষ্টরূপে ভাসমান অভিজ্ঞতার যে বিষয়-প্রভাস-তার অবয়ব, অর্থাৎ বিষয়ে সুসংবদ্ধ আলোচনা করে। তাই প্রভাসতত্ত্ব ই উপযুক্ত।

১. দ্রষ্টব্য : এডমুণ্ড হসার্ল : ফেনোমেনোলজি অ্যাণ্ড দ্য ট্রাইসিস অফ সায়েন্সেস, হারপার টর্চবুকস, নিউ ইয়র্ক, ১৯৬৫ অঙ্গুর্গত
২. এডমুণ্ড হসার্ল : আইডিয়াজ : জেনারেল ইন্টোডাকসনস টু পিয়োর ফেনোমেনোলজি (ডবলিউ. আর. বয়েস গিবসন অনুদিত), জর্জ অ্যালেন অ্যাণ্ড আনউইন, লণ্ডন, ১৯৫৪, বিশেষভাবে দ্রষ্টব্য ২৭-৩০ (এই গ্রন্থটিকে সাধারণভাবে আইডিয়াজ-১ হিসাবে উল্লেখ করা হয়।
৩. তদেব, পৃষ্ঠা. ১০৩
৪. তদেব, পৃষ্ঠা. ১০৬
৫. তদেব
৬. পি.কে. দাশ : 'দ্য প্রবলেম অফ দ্য ওয়ার্ল্ড ইন হসার্লস ফেনোমেনোলজি', জার্নাল অফ ইন্ডিয়ান কাউন্সিল অফ ফিলোসফিক্যাল রিসার্চ, নিউ দিল্লী, ভল্যুম-৮, ইস্যু-২, ১৯৯১, পৃষ্ঠা. ৩৮
৭. এডমুণ্ড হসার্ল : আইডিয়াজ - ১, প্রাগুক্ত, পৃষ্ঠা. ১০৮
৮. তদেব, পৃষ্ঠা. ৮০-৮১
৯. হবার্ট স্পিগেলবার্গ : দ্য ফেনোমেনোলজিক্যাল মুভমেন্ট, ভল্যুম-১, মার্তিনুস নিজহোফ, দ্য হেগ, ১৯৭১, পৃষ্ঠা. ১৩৪
১০. এডমুণ্ড হসার্ল : আইডিয়াজ-১, প্রাগুক্ত, পৃষ্ঠা. ১১০
১১. তদেব, পৃষ্ঠা. ১১১
১২. তদেব
১৩. তদেব, পৃষ্ঠা. ১১৩
১৪. তদেব
১৫. হবার্ট স্পিগেলবার্গ : দ্য ফেনোমেনোলজিক্যাল মুভমেন্ট, ভল্যুম-১, প্রাগুক্ত, পৃষ্ঠা. ১৩৬

১৬. এডমুণ্ড হসার্ল : আইডিয়াল-১ , প্রাগুক্ত, পৃষ্ঠা.৪৪
১৭. হসার্ল রূপান্তরিত বিষয়ী-চেতনার বিষয় ও ক্রিয়া বোঝাতে যথাক্রমে গ্রীক শব্দ ‘noema’ এবং ‘noesis’ ব্যবহার করেছেন। দুটি শব্দই গ্রীক মূল ক্রিয়াপদ ‘noeaw’ থেকে উৎপন্ন (এর থেকেই উৎপন্ন ‘nous’ও)। ক্রিয়াপদটির অর্থ প্রত্যক্ষ করা, চিন্তা করা, অভিপ্রায় করা, ইত্যাদি। ‘noema’ শব্দে হসার্ল অভিপ্সিত বস্তু (the object as intended) ও আদর্শ অর্থ (ideal meaning) উভয়কে বুঝিয়েছেন।
১৮. সুজেন কানিংহাম : ল্যান্সুয়েজ অ্যাণ্ড দ্য ফেনোমেনোলজিক্যাল রিডাকশানস অফ এডমুণ্ড হসার্ল, মার্তিনুস নিজহোফ, দ্য হেগ, ১৯৭৬ , পৃষ্ঠা .১০
১৯. তদেব
২০. তদেব
২১. এডমুণ্ড হসার্ল : দ্য ক্রাইসিস অফ ইউরোপীয়ান সায়েন্সেস অ্যাণ্ড ট্রানসেনডেন্টাল ফেনোমেনোলজি’ (ডেভিড কার অনূদিত), নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি প্রেস, ইভানস্টন, ১৯৭০, পৃষ্ঠা.১৫৫
২২. হসার্লের নিজের ভাষায় , ‘... a complete personal transformation, comparable in the beginning to a religious conversion...’ তদেব , পৃষ্ঠা.১৩৭
২৩. তদেব, পৃষ্ঠা. ১৫০
২৪. দ্রষ্টব্য : তদেব, পৃষ্ঠা. ১৪৭
২৫. এডমুণ্ড হসার্ল : কার্তেসিয়ান মেডিটেশনস (ডরিন কেইরনস অনূদিত), মার্তিনুস নিজহোফ, দ্য হেগ, ১৯৬০, পৃষ্ঠা. ২৪
২৬. তদেব, পৃষ্ঠা. ২৪-২৫
২৭. জাঁ-পল সার্ত্র : দ্য ট্রানসেনডেন্স অফ দ্য ইগো (ফোরেস্ট উইলিয়াম ও রবার্ট ক্রিক প্যাট্রিক অনূদিত) দ্য নুনডে প্রেস, নিউ ইয়র্ক, ১৯৬৯, পৃষ্ঠা. ১০২
২৮. মরিস মালোঁ পঁস্তি : ফেনোমেনোলজি অফ পারসেসপস (কলিন স্মিথ অনূদিত), রুটলেজ ও কেগান পল, লণ্ডন, ১৯৭৪, পৃষ্ঠা. xiii
২৯. তদেব, পৃষ্ঠা. xiv
৩০. দ্রষ্টব্য : কল্যাণ সেনগুপ্ত : ‘হসার্লের দর্শনচিন্তার একটি রূপরেখা’, তত্ত্ব ও প্রয়োগ, কলকাতা, পঞ্চম খণ্ড, প্রথম সংখ্যা, ২০০৫, পৃষ্ঠা.৫
৩১. জিতেন্দ্র নাথ মোহান্তি : দ্য পসিবিলিটি অফ ট্রানসেনডেন্টাল ফিলোসফি, মার্তিনুস নিজহোফ পাবলিশার্স, ডরড্রেখট , ১৯৮৫, পৃষ্ঠা. ২২২
৩২. তদেব, পৃষ্ঠা. ২২১
৩৩. এডমুণ্ড হসার্ল : কার্তেসিয়ান মেডিটেশনস, প্রাগুক্ত , পৃষ্ঠা. ১৫৭.



## মার্কসীয় ন্যায়বিচারতত্ত্ব অরুণ মাহাত

সকল নীতিবিজ্ঞানী প্রায় এ বিষয়ে একমত যে ন্যায়বিচারতত্ত্ব, সংক্ষেপে ন্যায়তত্ত্বের (theory of justice) মূলাধার হল নৈতিকতা (theory of morality)। মার্কসবাদীরা চূড়ান্ত পর্যায়ে পূর্ণসাম্যবাদী সমাজে মানুষের যে ছবি আঁকেছেন তাতে প্রধানতঃ নৈতিকতার তেমন কোন স্থান নাই। কিন্তু মার্কসীয় দর্শনে নৈতিকতার যদি আদৌ কোন স্থান না থাকে তাহলে ‘মার্কসীয় ন্যায়তত্ত্ব’ বলেও কিছু হতে পারে না। কিন্তু মার্কসীয় ন্যায়তত্ত্ব বলে কি কিছুই নাই? বস্তুতঃ, এ প্রশ্নের উত্তরে মার্কসীয় ভাষ্যকারেরা সম্পূর্ণ দ্বিধাবিভক্ত। একদল বলবেন নৈতিকতার আদর্শকে মার্কসবাদীরা যে রূপে তীব্র সমালোচনা করেছেন সে রূপে ন্যায়তত্ত্বকেও তারা তীব্র সমালোচনা করেছেন। অপরদল বলবেন, এই সমালোচনার ভিত্তিভূমির উপরই গড়ে উঠেছে স্বতন্ত্র অভিনব মার্কসীয় সামাজিক ন্যায়তত্ত্ব। আমরা প্রথমে সামাজিক ন্যায়তত্ত্ব সম্পর্কে মার্কসবাদীদের নেতিমূলক এবং তারপর ইতিমূলক দিকটি তুলে ধরার চেষ্টা করব।

দর্শনের ইতিহাসে ন্যায়বিচার বা ন্যায়ের (Justice) ধারণা একটি প্রাচীন গ্রীক ধারণা। ন্যায়ের এই ধারণাটি দর্শনে আদিকাল থেকে আলোচিত হয়ে আসছে এবং বর্তমানকালেও আলোচিত হয়ে চলেছে। সাধারণভাবে রাষ্ট্রনৈতিক তথা সামাজিক দৃষ্টিভঙ্গি থেকে বিচার করলে বলতে হয়, সমানাধিকার নীতি এবং ন্যায়বিচারবোধ অঙ্গাঙ্গিভাবে জড়িত। সমানাধিকার নীতি অনুযায়ী প্রতিটি মানুষের তাদের সামর্থ অনুযায়ী সামাজিক মর্যাদা পাওয়া উচিত।

Justice শব্দটি বর্তমানে যে অর্থে গ্রহণ করা হয় সেই একই অর্থে শব্দটি গ্রীক দর্শনে ব্যবহৃত হয়নি। Justice এর গ্রীক প্রতিশব্দ হল Dikaiosini। যার প্রকৃত প্রতিশব্দ Justice নয়, বরং Morality। কাজেই বলা যায় গ্রীক দর্শনে “ন্যায়” শব্দটিকে আইনানুগ ন্যায়পরায়নতা অর্থে ব্যবহার করা হয়নি, বরং “ন্যায়” শব্দটিকে নৈতিক উৎকর্ষতা অর্থে ব্যবহার করা হয়েছে। এই নৈতিক উৎকর্ষতা হল এমন এক প্রবণতা যা ব্যক্তিকে ভালকর্ম সম্পাদন করতে প্রমোদিত করে এবং মন্দকর্মের সম্পাদন থেকে নিবৃত্ত করে।

দর্শনের ইতিহাসে যিনি সর্বপ্রথম ন্যায় (Justice) নিয়ে একটি সুসংবদ্ধ আলোচনা করেন, তিনি হলেন গ্রীক দার্শনিক প্লেটো। প্লেটো তার *The Republic* ডায়লগে সেই সময় প্রচলিত তিনটি বা চারটি ন্যায় সম্পর্কিত মতবাদকে সক্রটিসের জবানীতে খণ্ডন করে নিজস্ব বক্তব্য উপস্থাপন করেন। যে মতবাদগুলিকে তিনি খণ্ডন করেছিলেন তা হল (i) যার যা প্রাপ্য তাকে তা দেওয়া, (ii) বন্ধুর ভাল করা এবং শত্রুর ক্ষতি করা, (iii) (a) ন্যায় হচ্ছে বলবানের স্বার্থ, (b) অন্যায়েবানের জীবন ন্যায়বানের জীবন অপেক্ষা উন্নততর, এবং (iv) মানুষ প্রকৃতপক্ষে অন্যায়ে চায়, কিন্তু নিজের স্বার্থকে ক্ষতি সাধন করতে দিতে চায় না, ফলে ভয়ে চুক্তিতে এসে হাজির হয়। ন্যায় হল একধরনের স্বার্থরক্ষার চুক্তি।

প্লেটোর মতে ন্যায় ব্যক্তির চরিত্র এবং সমাজের চরিত্র। ব্যক্তির মধ্যে যে সমস্ত উপাদানগুলি আছে যথা প্রজ্ঞাংশ (wisdom), শৌর্য্যাংশ (courage) ও ক্ষুধার অংশ (temperance) তাদের মধ্যে সুসামঞ্জস্য সংগঠনই হল ন্যায় (justice)। তার মানে ব্যক্তির চরিত্রের মধ্যে প্রজ্ঞার প্রাধান্য থাকবে, তার

অনুগামি হবে মানুষের জৈব প্রবৃত্তি। আর সমাজের দিক থেকে সমাজ এইভাবে তিনশ্রেণীতে বিভক্ত হবে। সর্বাপেক্ষা প্রজ্ঞাবান ব্যক্তি শাসক, বীর্যবান ব্যক্তি সৈনিক এবং মিতাচারী ব্যক্তির হবে উৎপাদক শ্রেণী। এই শ্রেণীগুলি প্রত্যেকই নিজ নিজ গণ্ডিতে আবদ্ধ থাকবে এবং সমাজের সার্বিক মঙ্গলের জন্য সকলের নিজস্ব দায়িত্ব পালন করে চলবে। এই হল সামাজিক ন্যায়ের অবস্থা।

যদিও ন্যায় হল একটি বিমূর্ত ধারণা, তথাপি কার্যতঃ একে আমরা পাই সেই সমস্ত আইনের সমষ্টিরূপে, যে আইনসমূহ দ্বারা একটি সমাজে বসবাসকারী মানুষের আচরণ নির্দিষ্ট ও নিয়ন্ত্রিত হয়। জুরীর ধারণা অনুযায়ী ন্যায় হল রাষ্ট্রে বা সমাজে বিধিবদ্ধ আইনসমূহের পালন। যারা রাষ্ট্রের বা সমাজের আইনসমূহ যথাযথভাবে মেনে চলে বা অন্ততঃ তাদের আচরণ সেই সমস্ত আইনের পরিপন্থী নয়, তারা ন্যায়ানুবর্তী নাগরিক, আর যারা আইনের অনুশাসন লঙ্ঘন করে তারা অ-ন্যায়ানুবর্তী এবং শাস্তিলাভের অধিকারী। কিন্তু প্রকৃতপক্ষে এরূপ ধারণা হল সুশৃঙ্খল ও বিশৃঙ্খলা সৃষ্টিকারী নাগরিকের বিচারের ধারণা। একে ন্যায়ের বিচার বলা যায় না। কারণ ন্যায়ের বিচার প্রযুক্ত হবে ঐ সমস্ত বিধিবদ্ধ আইনের উপর। বিভিন্ন রাষ্ট্রে বা বিভিন্ন বিধিবদ্ধ সমাজে বিভিন্ন আইন বিভিন্ন সময়ে বলবৎ থাকে। এই সমস্ত আইনের উদ্দেশ্য হল রাষ্ট্রের বা সমাজের শৃঙ্খলা রক্ষা করা। এই শৃঙ্খলা রক্ষার মাধ্যমেই রাষ্ট্রের বা সমাজের উন্নতি হয়। রাষ্ট্র বা সমাজ এর ফলে টিকে থাকে। কোন রাষ্ট্রকর্তাই এমন কথা বলে না যে, তাদের জারি করা রাষ্ট্রীয় আইন ন্যায়ের পরিপন্থী। তথাপি এই সমস্ত আইনের একটা নিরপেক্ষ বিচার হতে পারে। এই নিরপেক্ষ বিচারে আমরা যে কোন রাষ্ট্রের আইনকানুনকে ন্যায়ের অনুবর্তী অথবা ন্যায়ের বিরুদ্ধ বলতে পারি। তার মনো ন্যায় সম্পর্কে আলোচনা হচ্ছে রাষ্ট্রের শৃঙ্খলার এক উর্দ্ধতন বিচার এবং এক্ষেত্রে এর বিচারটি সব সময়ই বিসংবাদী বিচার। অর্থাৎ কিনা ন্যায়ের ধারণা হল রাষ্ট্র শৃঙ্খলার এর পরা ধারণা, যা অবশ্যই বিসংবাদী ধারণা।

ন্যায়ের ধারণা যতই বিসংবাদী হোক না কেন, যে কোন একটি সমাজব্যবস্থার মূল্যায়ন করতে গিয়ে আমরা কোন না কোন প্রকারের ন্যায়ের ধারণার আশ্রয় নিই। তাই এঙ্গেলস একবার বলেছেন— “ন্যায় হল সমাজের সমস্ত নীতির মূল নীতি... সেই মাপকাঠি যা দিয়ে মানুষের সব কিছু পরিমাপ হয়, ... যা দিয়ে সমস্ত বাদানুবাদের শেষ বিচার করা হয়।”

প্রচলিত ন্যায়ের ধারণা সম্পর্কে মার্কস এবং এঙ্গেলস বলেন এ হল মূলত আইনগত ও বিচারালয়ের ধারণা, যা দিয়ে আইন রচিত হয় এবং আইনের কর্তৃত্বাধীনে মানুষের অধিকার নির্দিষ্ট হয়। এখন যে সমাজে আইনি ব্যবস্থা বলবৎ হয় সে সমাজকে বলা হয় রাষ্ট্রব্যবস্থাস্বাধীন সমাজ। কারণ রাষ্ট্রের সংজ্ঞাই হল আইনের দ্বারা সংগঠিত নির্দিষ্ট ভূখণ্ডে বসবাসকারী জনসমষ্টি। রাষ্ট্রব্যবস্থাস্বাধীনে ‘ন্যায়’ এবং ‘আইনি অধিকার’ যে কোন সমাজ জীবনের মূল্যায়নের ভূখণ্ডে বসবাসকারী জনসমষ্টি। রাষ্ট্রব্যবস্থাস্বাধীনে ‘ন্যায়’ এবং ‘আইনি অধিকার’ যে কোন সমাজ জীবনের মূল্যায়নের চূড়ান্ত মাপকাঠি। মার্কস এই রাষ্ট্রনৈতিক সমাজ ব্যবস্থাকেই ধ্বংস করার ডাক দিয়েছেন এবং সেই কারণেই তিনি প্রচলিত ন্যায়ের ধারণাকে তীব্রভাবে সমালোচনা করেছেন।<sup>১</sup>

মার্কস এক্ষেত্রে প্রথমেই হেগেলের চিন্তাভাবনাকে সমালোচনা করেছেন। হেগেলের মতে রাষ্ট্র হল সভ্যসমাজের চূড়ান্ত পরিণতি। তার মতে মানুষের যা কিছু জাগতিক কাজকর্ম তার আশাআকাঙ্ক্ষা ও স্বার্থ, সভ্যসমাজ— এ সব হল সামাজিক প্রক্রিয়া, যেগুলি রাজনৈতিক স্তরে রাষ্ট্রের উপর নির্ভরশীল। মার্কস সামাজিক প্রক্রিয়ার এই সম্বন্ধটি বদলে দেন। মানবসমাজ, মার্কসের মতে একটি উন্নয়নশীল সমবেত উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার দ্বারা সৃষ্ট। এর লক্ষ্য হল ঐতিহাসিকভাবে জেগে ওঠা মানুষের সমস্ত প্রয়োজনের সাধন। সমস্ত প্রকার সামাজিক প্রতিষ্ঠানই হল মানুষের সমবেত উৎপাদনশীল কাজকর্মের এক একটি

রূপ। হেগেলের মতে রাষ্ট্র হল ঐশ্বরিক প্রতিষ্ঠান। কিন্তু মার্কসের মতে, ধর্ম, পরিবার, রাষ্ট্র, বিজ্ঞান, কলা প্রভৃতি সবকিছুই হল মানুষের উৎপাদনশীল বস্তু প্রক্রিয়াতে উদ্ভূত এবং এই উৎপাদনশীল বস্তু প্রক্রিয়া আইনের অধীন। রাষ্ট্র সেই সমস্ত আইনকে বিধিবদ্ধ করে। ফলে কোন একটি উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার মধ্যে যে শ্রেণীশোষণের বীজ নিহিত থাকে, রাষ্ট্র সেই শোষণের কার্যকরী যন্ত্রবিশেষরূপে কাজ করে।

এখন, মানুষের কর্ম উচ্ছলতা যে উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার মধ্যে নিমজ্জিত সেই উৎপাদনশীল বস্তু প্রক্রিয়া চিরকাল এক জায়গায় থেমে নেই। প্রকৃতিতে স্বাভাবিকভাবে উৎপন্ন বস্তুর উপর নির্ভর করে যে আদিম সাম্যবাদী সমাজব্যবস্থা গড়ে উঠেছিল, মানুষের তৈরী উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার উপর ভিত্তি করে সেই সমাজব্যবস্থার রূপ বদলে গিয়ে দাস সমাজব্যবস্থার সৃষ্টি হয়েছে। কালক্রমে সেই উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার রূপ বদলে গিয়ে সৃষ্টি হয়েছে সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থা, এবং তার পর তারও রূপ বদলে গিয়ে সৃষ্টি হয়েছে পুঁজিবাদী সমাজব্যবস্থা। অর্থাৎ, সমাজব্যবস্থার এক একটি রূপ এক একটি উৎপাদনশীল বস্তু প্রক্রিয়ার সাথে অঙ্গাসিকভাবে যুক্ত।

উৎপাদনশীল বস্তু প্রক্রিয়া চিরকাল এক জায়গায় থেমে নেই, এবং এই থেমে না থাকার কারণেই সমাজের রূপও এক জায়গায় থেমে নেই। সামাজিক ন্যায়ের বিচার যেহেতু সমাজের বিচার, আবার সমাজ যেহেতু বিবর্তমান, সেইহেতু সামাজিক ন্যায়ের আদর্শ বিবর্তমান আদর্শ হতে বাধ্য। সহজ কথায় ন্যায়ের আদর্শ হল সাপেক্ষ আদর্শ। আদিম সাম্যবাদী সমাজে যাকে ন্যায়ের আদর্শ বলা হয়েছে, দাস সমাজব্যবস্থায় তাকে ন্যায়ের আদর্শ বলে গন্য করা হয় নাই। আবার দাস সমাজব্যবস্থায় যাকে ন্যায়ের আদর্শ বলা হয়েছে, সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থায় তাকে ন্যায়ের আদর্শ বলে গন্য করা হয় নাই। পুনরায়, সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থায় যাকে ন্যায়ের আদর্শ বলা হয়েছে, পুঁজিবাদী সমাজব্যবস্থায় তাকে ন্যায়ের আদর্শ বলে গন্য করা হয় নাই। মার্কসবাদীদের মতে, এক একটি সমাজব্যবস্থা হচ্ছে ঐতিহাসিকভাবে এক একটি সমাজ বিবর্তনের অধ্যায়। ন্যায়ের এক একটি আদর্শও ঐ এক একটি অধ্যায়ের সাথে যুক্ত, পরবর্তী অধ্যায়ে যা অচল। ন্যায় হল বহুরূপী। প্রতিটি সমাজব্যবস্থায় এর রং বদলায়। ন্যায়ের কোন শাস্ত্র চিরন্তন আদর্শ নাই।

মার্কসবাদীদের মতে, ন্যায় এবং অন্যায় কোন কর্ম, কোন প্রতিষ্ঠান, কোন বিশেষ আইনি ব্যবস্থা বা কোন সর্বজনীন নীতির উপর প্রতিষ্ঠিত নয়। ন্যায়, অন্যায় হচ্ছে ঐতিহাসিক ব্যাপার। ঐতিহাসিকভাবে জেগে উঠা এক একটি বিশেষ উৎপাদন ব্যবস্থার সাথে এ যুক্ত। সমস্ত ঐতিহাসিক ও বাস্তব অবস্থাগুলো থেকে বিচ্ছিন্ন করে দেখলে ন্যায়-অন্যায়ের নীতি হল ফাঁকা অপ্রয়োজনীয় শূন্যগর্ত দার্শনিক তত্ত্বমাত্র।

ফলাফলের দিক থেকেও ন্যায়নীতিকে বিচার করা যায় না। উদাহরণস্বরূপ যদি কোন উৎপাদনব্যবস্থা এমনই হয় যে সেই উৎপাদন ব্যবস্থায় এক শ্রেণীর মানুষ অপর এক শ্রেণীর মানুষকে ক্রমাগত শোষণ করে চলবে, তাহলে সেই উৎপাদনশীল ব্যবস্থার আধারে গড়ে ওঠা সমাজে ন্যায় শোষণকারীর পক্ষেই হবে। অর্থাৎ প্রচলিত অর্থে আমরা একে বলব অন্যায় অর্থাৎ বলা যায় ফলাফলের বিচারে ন্যায়ের থেকে অন্যায়ের জন্ম। তর্কের বিচার এ হল স্ববিরোধী; কিন্তু বাস্তবিক অবস্থান ঠিক তাই। এভাবে মার্কস সমালোচনা করে বলেন যে, ন্যায়ের ধারণা হল একটি আপেক্ষিক ধারণা। আপেক্ষিকতাবাদের শেষ পরিণতি সপেহবাদে। সপেহবাদে কোন কিছুকেই সত্য বলে মানার যুক্তি পাওয়া যায় না। মার্কসও সত্য বলে মেনে নেওয়া যায় এমন কোন ন্যায়ের সূত্র খুঁজে পাননি।

মার্কসবাদকে তাহলে ন্যায়ের ধারণার ক্ষেত্রে শূন্যবাদ বলা যায় কি? যদি মার্কসীয় দর্শন ন্যায়ের ক্ষেত্রে শূন্যবাদ দর্শন হয় তাহলে কিসের আধারে তিনি তার সময় প্রচলিত পুঁজিবাদী সমাজব্যবস্থা ও পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থাকে উৎখাত করতে চেয়েছেন? কেনই বা তিনি এই ব্যবস্থাকে ধ্বংস করার জন্য

সর্বহারা শ্রমিক শ্রেণীকে ঐক্যবদ্ধ হয়ে সশস্ত্র সংগ্রামের ডাক দিয়েছেন ?

মার্কস যে পুঁজিবাদী সমাজব্যবস্থার কবর চেয়েছেন এবং সর্বহারা শ্রমিক শ্রেণীকে ঐক্যবদ্ধ হয়ে সেই ব্যবস্থার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে ডাক দিয়েছেন, তাকে দুভাবে বোঝা যেতে পারে—  
প্রথম— মার্কসের মতে মানুষ ও তার সমাজ, প্রকৃতির অন্যান্য বস্তু থেকে উদ্যম, শ্রম ইত্যাদির দিক থেকে ভিন্ন গোত্রীয় মনে হলেও আসলে সে জড় প্রকৃতিরই অনিবার্য অঙ্গ। বড় প্রকৃতি দ্বন্দ্বিক প্রক্রিয়াতে বিকাশশীল। এ পর্যন্ত মানবসমাজ যে ভাবে বিবর্তিত হয়েছে তা দ্বন্দ্বিক প্রক্রিয়ার অনিবার্য পরিণতি— এ ঐতিহাসিক সত্য। আগামী দিনে যে সমাজ বিবর্তিত হতে চলেছে তাও হবে অনিবার্য। এই প্রক্রিয়ায় যত মানুষের অবস্থান ঘটেছে বা ঘটবে সবাই এক একটি ঐতিহাসিক ভূমিকা পালন করেছে বা করবে মাত্র। মার্কসবাদ পুঁজিবাদী সমাজ ব্যবস্থাকে ধ্বংস করার জন্য জেহাদের যে ডাক দিয়েছে সেও তার ঐতিহাসিক ভূমিকা পালন মাত্র। বর্তমান যে পুঁজিবাদী সমাজব্যবস্থা এবং তার অভ্যন্তরে যে দ্বন্দ্ব সেই দ্বন্দ্বের ক্ষেত্র থেকেই উঠে এসেছে মার্কসবাদের তত্ত্ব। মার্কসবাদ বাইরে থেকে আমদানি করা কোন তত্ত্ব নয়। মার্কসবাদ অবশ্যই একটা পক্ষ। এই মতবাদ হল পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় শোষিত সর্বহারা শ্রমিক শ্রেণীর পক্ষ। পুঁজিবাদী সমাজব্যবস্থায় দু’টি অনিবার্য পক্ষের জন্ম হয়। একটি পুঁজিবাদী মালিক পক্ষ এবং অপরটি সর্বহারা শোষিত শ্রমিক পক্ষ। এই দু’পক্ষের দ্বন্দ্ব অনিবার্য। যতদিন যাবে ততই এই দ্বন্দ্ব আরো বেশী প্রকট হয়ে উঠবে। মার্কসবাদ হল এই ঘোর বিবাদের রণাঙ্গনে সর্বহারা শোষিত শ্রমিক শ্রেণীর উচ্চকণ্ঠস্বর।

মার্কসবাদ যেহেতু একটা বিবদমান পক্ষ সেইহেতু মার্কসবাদ অপরপক্ষকে সমালোচনা করার হাতিয়ার রূপে ন্যায়ের ধারণাকে হাজির করেছে, যে ন্যায়ের ধারণাকে আবার অপরপক্ষ তাদের মতো করে উপস্থাপিত করেছে। অর্থাৎ মার্কসবাদীদের কাছে ন্যায়ের ধারণা একপ্রকারের চালতরোয়ালের মতো, যা দিয়ে প্রতিপক্ষের প্রতি তীব্র ঘৃণা বা বিদ্বেষের বিষবাস্প ছড়িয়ে, সর্বহারা শ্রমিক শ্রেণীকে ঐক্যবদ্ধ করে, পুঁজিবাদী সমাজব্যবস্থাকে ধ্বংস করার মত শক্তি সংগ্রহ করা যায়।

মার্কসের মতে মানুষ হল স্বাধীন সত্তা। তার স্বাধীনতা কারো অধীন হতে পারে না। সে কারো অধীন নয়— শুধু তাই নয়, সে কোন কিছুকে অধীনস্ত করতেও পারে না। প্রকৃতির কোলে অবস্থিত মানুষ প্রকৃতিকে জয় করতে চায় শুধু ব্যবহারের জন্য, তাকে অধীন করার জন্য নয়। এজন্য কোন মানুষই কোন কিছু মালিক নয়। কিন্তু পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থা যা দাঁড়িয়েছে তাতে, এক শ্রেণীর মানুষ নিজেদেরকে উৎপাদন ব্যবস্থার মালিকরূপে হাজির করেছে। এই উৎপাদন ব্যবস্থায় শ্রমিক অনিবার্য অঙ্গ। শ্রমিকের শ্রম কেনাবেচার বস্তুরূপে গন্য হচ্ছে। শ্রমিকআর মানুষরূপে বিবেচিত হচ্ছে না, হচ্ছে বস্তুরূপে। উৎপাদন ব্যবস্থায় প্রয়োজনীয় বস্তুরূপে সেও একটা অন্যের ব্যবহৃত উপায় মাত্র। মানবতাবাদের পরিপন্থী হল মানুষের এই প্রয়োগ বা অপপ্রয়োগ। সুতরাং মার্কসের মতে এই পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থা অনৈতিক এবং তারই আধারে বলা যায় অন্যায়।

মার্কস পুঁজিবাদী সমাজব্যবস্থায় উৎপাদন প্রক্রিয়ার এক জটিল অর্থনৈতিক বিশ্লেষণ দিয়েছেন। সেই বিশ্লেষণে উদ্ভূত মূল্যের তত্ত্ব (Theory of Surplus Value) আমদানি করা হয়েছে। শিল্প বিপ্লব ইত্যাদির ফলে ভোগ্যপন্য উৎপাদনের জন্য আধুনিক কলকারখানা ও শিল্প সংস্থান গড়ে উঠেছে। এই সমস্ত কলকারখানা হল এক একটি উৎপাদনের কেন্দ্র। এখানে উৎপাদনের তিনটি মূল উপাদান থাকে, যেগুলি হল (i) কাঁচামাল, (ii) যন্ত্রপাতি এবং (iii) শ্রমিকের শ্রমশক্তি। এখন শ্রমিকের শ্রমশক্তি থেকে উৎসারিত হয় শ্রম, সেই শ্রম উৎপাদিত বস্তুতে মিশে যায়। ফলে একটি উৎপাদিত বস্তুর মধ্যে শ্রমিকের শ্রমকে আলাদাভাবে চেনা যায় না, যদিও সুপ্ত আকারে সেই শ্রম তার মধ্যে নিহিত থাকে। শ্রমের সাথে শ্রমশক্তির সম্পর্ক এরূপ যে শ্রম অফেরৎযোগ্য। শ্রমিক তার শ্রমকে ফিরিয়ে নিতে পারে না, সুবিধামত

এবং প্রয়োজন মত খরচ করবে এরকম অবস্থায় তা থাকে না। শ্রম কোন বস্তু নয়, তথাপি এই শ্রম বস্তুতে পুঞ্জীভূত হতে পারে। বস্তু কেনাবেচার যোগ্য; সেগুলিকে জমা করে রাখা যায়, প্রয়োজন মত বিক্রয় করা যায়, এমনকি বিক্রিতবস্তু ফেরৎ নেওয়া যায়। শ্রমশক্তি শ্রমিকের অবদান, শ্রমিকই তার মালিক; কিন্তু তার শ্রম যে বস্তুতে পুঞ্জীভূত হয় তার সে মালিক নয়, উৎপন্নবস্তুর মালিক হল পুঁজিবাদী কারখানার মালিক। সেই মালিক উৎপাদনের জন্য প্রয়োজনীয় আর দু'টি উপাদান যোগান দেয়, যা হল কাঁচামাল এবং যন্ত্রপাতি। আর শ্রমিকের শ্রমশক্তিকে সে মজুরির বিনিময়ে খরিদ করে। এইভাবে সে সমস্ত উৎপাদিত বস্তুটির সম্পূর্ণ মালিক হয়।

এখন কাঁচামালের হারাহারি মূল্য যুক্ত শ্রমবস্তুর হারাহারিমূল্য যুক্ত শ্রমিকের শ্রমের সৃষ্ট নতুন মূল্য হল উৎপাদিত নতুন বস্তুটির মোট মূল্য। এই উৎপাদিত নতুন বস্তুটিকে পুঁজিবাদী মালিক বাজারে বিক্রি করে যে মূল্য পায় তা ঐ তিনটি মূল্যের যোগফলের চাইতে বেশী। অথবা বলা যায় তা বেশী হতে বাধ্য, তা না হলে এই সমাজব্যবস্থা টিকে থাকবে না। এখন এই যে অতিরিক্ত মূল্য পাওয়া যাচ্ছে, এটাই হল উদ্ধৃত মূল্য; এবং এই অতিরিক্ত মূল্যকেই পুঁজিবাদী মালিক তার লাভ হিসাবে পকেটে পুরে। অর্থাৎ, লাভ হল গিয়ে শ্রমিকের শ্রমের সেই অংশ, যার জন্য পুঁজিবাদী মালিক কোন বিনিময় মূল্য দেয়নি। তার মানে খরিদ না করে যেটা সে পেয়েছে। খুব সহজেই বোঝা যায় মোট শ্রমসৃষ্ট মূল্য থেকে মোট শ্রম সময়ের মজুরির মূল্য বিয়োগ করলে যা দাঁড়ায় তা হল উদ্ধৃতমূল্য এবং উদ্ধৃত মূল্য পুঁজিবাদী মালিক শ্রমিককে শোষণ করে তার লাভ হিসাবে আদায় করছে।

এখন প্রশ্ন হল উৎপাদনের এই ব্যাপারটা কি ন্যায্যবিরোধী? মার্কসের উত্তর, 'না'। কারণ পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থায় এ হল অনিবার্য। পুঁজিবাদী মালিক যদি কোন লাভ না পায় তাহলে সে উৎপাদন কার্যে বিনিয়োগ করবে না। আবার বিনিয়োগ না করলে কোন উৎপাদন হতে পারে না। অন্যদিকে লাভের পরিবর্তে যদি লোকসানের মধ্যে দিয়ে যেতে হয় তাহলে শেষ পর্যন্ত পুঁজিপতি মালিক নিঃশেষিত হয়ে যাবে— এই জন্যই লাভ তাকে পেতেই হবে, নতুবা সে টিকে থাকবে না। কাজেই বলা যায়, পুঁজিবাদী সমাজব্যবস্থার আলোকে এই উদ্ধৃত মূল্যটিকে লাভ হিসাবে পুঁজিপতি মালিকের পকেটে উঠাকে অন্যায্য বলা যেতে পারে না।

আবার শ্রমিকের দিক থেকে তার শ্রমের মূল্য তাকে পেতে হবে। এই শ্রমের মূল্য নির্ধারিত হয় তার জীবনযাত্রার মানের উপর। যে কোন সমাজে মানুষের জীবনযাত্রার একটা ন্যূনতম মান আছে। শ্রমিককে তার শ্রমশক্তি প্রয়োগ করার জন্য বেঁচে থাকতে হবে। আবার পুঁজিবাদী মালিককেও শ্রমিককে সেই পরিমাণ মূল্য দিতেই হবে, যে পরিমাণ মূল্য না পেলে সে তার ছেলেপুলে নিয়ে বেঁচে থাকতে পারবে না। তার মানে লাভ না পেলে যেমন পুঁজিবাদী মালিক টিকে থাকবে না, তেমনি বেঁচে থাকার জন্য ন্যূনতম মজুরি না পেলে শ্রমিক বেঁচে থাকবে না। অর্থাৎ পুঁজিবাদী উৎপাদনব্যবস্থা চালু রাখতে গেলে শ্রমিককে ন্যূনতম মজুরি দিতেই হবে এবং পুঁজিবাদী মালিককেও লাভ পেতেই হবে। এই উভয় বাধ্যতার মধ্যে শ্রমিক তার শ্রমের একটি অংশ, যা উদ্ধৃত মূল্য, হারাতে বাধ্য। এটাকে অন্যায্য বলে মনে হতে পারে, এই নিয়ে দরাদরি চলতে পারে—কিন্তু, এটা সম্পূর্ণ পুঁজিবাদী সমাজব্যবস্থায় মুছে যেতে পারে না। তাই শ্রমিকের লোকসান এবং পুঁজিপতি মালিকের লাভ ব্যাপারটার মধ্যে শোষণ আছে, কিন্তু কোন অন্যায্য নাই; কারণ এটা অনিবার্য। মার্কবাদীদের মতে, শ্রমিকের লোকসান এই পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থায় কখনোই মুছে ফেলা যাবে না; বরং এই উৎপাদন ব্যবস্থার যতই অগ্রগতি হতে থাকবে ততই শ্রমিক শোষিত হতে থাকবে, তার বঞ্চনা ততই উত্তরোত্তর বেড়ে চলবে। এক সময় যখন শ্রমিকরা পুঁজিপতির শোষণের স্বরূপটি আবিষ্কার করে ফেলবে তখন শ্রেণীসংগ্রাম চরম আকার ধারণ করতে বাধ্য।

মার্কসবাদীদের মতে, এই পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থার মধ্যেই রয়েছে শ্রমিকের শোষণ বা বঞ্চনা।

অতএব বলা যায়, যে সমাজ ব্যবস্থায় কোন শোষণ বা বঞ্চনা থাকবে না, থাকবে না কোন মালিকপক্ষ, থাকবে না কোন ব্যক্তিগত সম্পত্তি, সেই সমাজব্যবস্থাই হবে ন্যায় ভিত্তিক সমাজব্যবস্থা। মার্কসবাদীদের মতে এই পুঁজিবাদী সমাজব্যবস্থার ধ্বংসের মধ্যে দিয়ে সেই ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা ঐতিহাসিকভাবে দীর্ঘ শ্রেণীসংগ্রামের লড়াইয়ের মধ্যে দিয়ে গড়ে উঠবে, যার প্রথম পর্যায় হবে সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা এবং দ্বিতীয় বা চূড়ান্ত পর্যায় হবে পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থা।

—প্রথম অংশের আলোচনায়, মার্কসবাদীদের দৃষ্টিতে আমরা ন্যায়ের একটি নেতিমূলক ছবি তুলে ধরেছি, যা হল শ্রমিকের শ্রম শক্তি বস্তু হিসাবে গন্য না হওয়া। তাহলে প্রশ্ন উঠে, মার্কসবাদীদের মতে ন্যায়ের ইতিমূলক দিকটি কি? অনেক ভাষ্যকারই মনে করেন, মার্কসবাদীদের মতে ন্যায়ের কোন ইতিমূলক ধারণা নাই। কিন্তু আবার অনেকেই বলেন, মার্কসের সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা বা এর চূড়ান্ত পর্যায় উন্নিত পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থার যে ছবি, তারই মধ্যে রয়েছে ন্যায়ের ইঙ্গিত, যাকে তারা বলেছেন— ‘বন্টনের ন্যায়’ (Distributive Justice)<sup>২</sup>।

মার্কসীয় প্রায় সকল ভাষ্যকারই মনে করেন, নীতিতত্ত্ব হিসাবে মার্কসীয় ন্যায়তত্ত্ব কোন আদর্শবাদ নয়, এ হল সমাজবিজ্ঞানের অন্তর্গত। মার্কস নিজেই একজন সমাজবিজ্ঞানী হিসাবেই উপস্থাপিত করেছেন। মার্কসীয় সমাজবিজ্ঞানের বিশ্লেষণ অনুযায়ী মানুষের আত্মপ্রকাশ হয়েছে কর্মী হিসাবে। মানুষের এই কর্ম হল উৎপাদন কর্ম। এই উৎপাদন কর্মকেই কেন্দ্র করে গড়ে উঠেছে তার সমাজ। উৎপাদন কর্মপদ্ধতির বিবর্তনই হল সমাজের বিবর্তন। মার্কস বলেন— উৎপাদন-প্রকরণ ও পদ্ধতি মানুষের সামাজিক, রাজনৈতিক ও আধ্যাত্মিক জীবন ধারাকে প্রভাবিত করে চলেছে। বস্তুতঃ মার্কস বলেন মানুষের চেতনা তার সত্ত্বাকে নিয়ন্ত্রিত করে না; বরং তার সামাজিক অস্তিত্বই তার চেতনাকে নিয়ন্ত্রিত করে। বলাই বাহুল্য, এই সামাজিক অস্তিত্বের মূলে রয়েছে উৎপাদন প্রকরণ ও প্রক্রিয়া। মানুষের চেতনার রূপ উৎপাদন ব্যবস্থার রূপের উপর নির্ভরশীল ঠিকই, তথাপি এই চেতনা আর উৎপাদন ব্যবস্থা এক নয়। মানুষের চেতনায় উৎপাদন ব্যবস্থার এক একটা রূপ ধরা পড়ে, এবং সেই চেতনাবুদ্ধি তার সঙ্গতি, অসঙ্গতির বিচার করে। এই অসঙ্গতি দূর করার ভাবনাও তার চেতনার রাজ্যে এসে হাজির হয়। মার্কসবাদীদের বিচারে হয়ত চেতনার এই যে উপলব্ধি তাও উৎপাদন প্রক্রিয়ারই একটি সম্মুখগতি। যাইহোক, চেতনার রাজ্যে যে কোন একটি উৎপাদন ব্যবস্থা তথা সমাজব্যবস্থার অসঙ্গতিগুলি ধরা পড়ে বলেই শুরু হয় নৈতিক সমালোচনা ও পরিবর্তনের আকাঙ্ক্ষা। ফলে যে কোন সমাজব্যবস্থা তথা উৎপাদন ব্যবস্থার অসঙ্গতির সমালোচনা অনাগত একটি উন্নত সমাজব্যবস্থার আলোকেই হয়ে থাকে। একটা সমাজব্যবস্থার ভিতর দাঁড়িয়ে এবং তারই আলোকে সেই সমাজব্যবস্থাকে অন্যায়ে বলা যেতে পারে না। মানুষের চেতনার মধ্যে সম্মুখগতি থাকার কারণে অনাগত উন্নত সমাজব্যবস্থার ছবি তার মধ্যে ভেসে আসে এবং সেই অনাগত উন্নত সমাজের দৃষ্টিতে সে বর্তমান সমাজের অসঙ্গত ও দুষ্ট রূপটিকে ধরতে পারে।

মার্কস ও এঙ্গেলস তাদের যুগে দাঁড়িয়ে পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থার অসঙ্গতিগুলি আবিষ্কার করেছেন এবং সেই জন্যই ঐ সমাজ ব্যবস্থাকে ধ্বংস করে এক নতুন উন্নত সমাজ ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। কাজেই বলা যায়, এই নতুন উন্নত সমাজ ব্যবস্থার যে ছবি তারা গড়তে পেরেছেন তারই নিরিখে পুঁজিবাদী সমাজব্যবস্থার কতকগুলি দিককে তারা অন্যায়ে বলে চিহ্নিত করেছেন। অতএব সদর্থক দিক থেকে মার্কসবাদীদের মতে যদি কোন ন্যায়ের ধারণা থাকে তাহলে অনাগত অথচ ঐতিহাসিকভাবে দীর্ঘ শ্রেণীসংগ্রামের লড়াইয়ের ফলে সুনিশ্চিত গড় উঠবে যে শোষণমুক্ত, শ্রেণীবিহীন, রাষ্ট্রবিহীন সমাজ— সেই অনাগত সমাজের ধারণার মধ্যে নিহিত।

মার্কস অবশ্য অনাগত উন্নত সমাজকে দুটি ধাপে ভাগ করেছেন। তার প্রথম ধাপটি হল



সমাজতান্ত্রিক সমাজ এবং দ্বিতীয় ধাপ তথা চূড়ান্ত পর্যায়টি হল পূর্ণসাম্যবাদী সমাজ। সমাজতান্ত্রিক সমাজে বুর্জোয়া শ্রেণী উৎপাদন প্রক্রিয়ার উপর তাদের কর্তৃত্ব হারাতে; উৎপাদনের মালিক হবে শ্রমিক শ্রেণী। এই শ্রমিক শ্রেণীর মালিকানা লাভের মধ্যে দিয়ে, উৎপাদন ব্যবস্থা থেকে উদ্ধৃত পুঁজি বাদীদের জন্ম নিদ্রিত। যে মুনাফা বা উদ্ধৃত মূল্য তার সম্পূর্ণ অবলুপ্তি হবে, অথচ উৎপাদন ক্রিয়া ঠিক আগের মতোই চলবে। এক্ষণে শুধু প্রশ্ন, উৎপাদিত বস্তু সমূহ কিভাবে বন্টিত হবে। এই বন্টনের নীতিই হল মার্কসীয় ন্যায়ের নীতি।

অতঃপর প্রশ্ন উঠে, এই মার্কসীয় বন্টনের ন্যায়-নীতিটি কি? সমাজতান্ত্রিক সমাজব্যবস্থায় বন্টনের নীতিটি হবে—“প্রত্যেক শ্রমিকের প্রাপ্য হচ্ছে সেই পরিমাণ যে পরিমাণ শ্রম সে উৎপাদন কাজে ব্যবহার করবে। উৎপাদক (শ্রমিক, যেহেতু এখানে মালিক পক্ষ বলে কিছু নেই) যে পরিমাণ শ্রম উৎপাদন কার্যে বিনিয়োগ করবে সেই পরিমাণ প্রয়োজন সামগ্রী সে সমাজের কাছ থেকে পাবে।”<sup>১০</sup> এখানে প্রয়োজন সামগ্রীকে শ্রমের প্রতিমূর্তি হিসাবে বিচার করা হবে।

মার্কস অবশ্য বলেন যে, সামাজিকভাবে যা কিছু উৎপাদিত হবে তার সবটাই শ্রমিকশ্রেণীর মধ্যে বন্টন করা হবে তা নয়, তার থেকে কিছু অংশ আগেই কেটে নেওয়া হবে। তার কারণ—

প্রথমত: উৎপাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ইত্যাদি যেগুলো ব্যবহারের মধ্যে ক্ষয়িত বা নষ্ট হবে সেগুলোকে সারিয়ে তোলা দরকার হবে। আবার নতুন ও উন্নততর যন্ত্রপাতির আমদানি করতে হবে।

দ্বিতীয়ত: ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য নতুন কলকারখানা গড়ে তুলতে হবে, এবং

তৃতীয়ত: আপৎকালীন ও প্রাকৃতিক বিপর্যয় ইত্যাদির কথা ভেবে কিছু সঞ্চয় ভাণ্ডার গড়ে তুলতে হবে।

এ সবই প্রকারান্তরে শ্রমিকের ভাগেই থাকবে; কারণ উৎপাদনের মালিকানা কোন ব্যক্তিশেষের হাতে থাকছে না। উৎপাদনের মালিকানা থাকছে সমাজের হাতে এবং প্রতিটি শ্রমিক সেই সমাজের সমান অংশীদার।

এছাড়াও সমাজকল্যাণমূলক কাজের জন্যও উৎপাদনের একাংশ সারিয়ে রাখা দরকার। শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত ব্যবস্থা, বৃদ্ধ, শিশু, প্রভৃতির ভরণপোষণ, ইত্যাদি, সমাজকল্যাণমূলক কাজের মধ্যে পড়ে। সমাজকল্যাণমূলক কাজের জন্য যা কিছু ব্যয়িত হবে তা প্রকৃত অর্থে শ্রমিকের কল্যাণের জন্যই ব্যয়িত হবে।

বন্টনের এই নীতি অনুযায়ী একজন শ্রমিক তার শ্রমের সমমূল্যই পাবে, কম বা বেশী কোনটাই নয়। তার ফলে তাকে বঞ্চনার শিকার হতে হবে না, সে শোষিত হবে না। এই নীতির অন্তর্গত দুটি বিশেষ নীতি—

(ক) সমান অধিকারের আকারগত নীতি (a formal principle of equal right or equality of treatment) ও (খ) শ্রমদানের বস্তুগত পারিতোষ নীতি (a material principle of proportioning regard to labor contribution)

সমাজে প্রত্যেক ব্যক্তির কাজ করার সমান অধিকার আছে এবং যে ব্যক্তি যে পরিমাণ শ্রম বিনিয়োগ করবে সেই ব্যক্তি তার শ্রমের আনুপাতিক হারে পারিতোষিক লাভ করবে।

কাজেই বলা যায় যে, মার্কসবাদ অনুযায়ী সামাজিক ন্যায় হল বন্টনের ন্যায়। সমাজতান্ত্রিক সমাজব্যবস্থায় বন্টনের ন্যায়ের যে সূত্রগুলির কথা বলা হল তা পুঁজিবাদী সমাজব্যবস্থার ন্যায়ের সূত্র থেকে আলাদা দুটি কারণে— প্রথমত: এখানে শ্রেণী বৈষম্য থাকছে না। মালিক শ্রেণী বলে কিছু নেই, সকলেই শ্রমিক এবং ফলে সকলেই একই বন্টননীতির আওতায় পড়ে। দ্বিতীয়ত: এখানে উদ্ধৃত মূল্য বলে কিছু থাকছে না, ফলে শ্রমিককে ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত হতে হয় না। সে কোনরূপ শোষিত হয় না।

অবশ্য মার্কস নিজেই স্বীকার করেন, সমাজতান্ত্রিক সমাজব্যবস্থায় বন্টনের ন্যায়ের মধ্যেও অনেক

কিছু অনাকাঙ্ক্ষিত বিষয় থাকছে। যেমন—

প্রথমত: শ্রমিক শ্রেণীকে সমান অধিকার দেওয়া হয়েছে। সামাজিক ন্যায় হিসাবে বণ্টনের ন্যায় সমাজস্থ সকলের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য। যে শ্রমিক যে পরিমাণ শ্রমের যোগান দেবে সেই শ্রমিক সেই অনুপাতে প্রয়োজন সামগ্রী পাবে। কিন্তু সকল মানুষের একই প্রকার দৈহিক ও মানসিক ক্ষমতা তো থাকে না। ব্যক্তিভেদ কেউ অস্বীকার করতে পারবে না। ফলে প্রত্যেকেই সমান পরিমাণে উৎপাদন কার্যে শ্রম বিনিয়োগ করতে পারবে না। সমান অধিকার অসমান ব্যক্তির মধ্যে প্রযুক্ত হলে অসাম্যের সৃষ্টি হতে বাধ্য।

দ্বিতীয়ত: সব মানুষের প্রয়োজন সামগ্রী সমান নয়। কোন শ্রমিক যে পরিমাণ শ্রম দিতে পারবে সেই শ্রমিকের প্রয়োজন সামগ্রী যদি সেই রকম হত তাহলে অ-সাম্য দেখা দিত না। প্রয়োজন সামগ্রীর ইতর বিশেষ থাকার ফলে এক প্রকারের অ-সাম্য সৃষ্টি হবেই।

পুনরায়, প্রাকৃতিক কারণে মানুষে মানুষে শ্রমশক্তির পরিমাণগত এবং গুণগত পার্থক্য স্বীকার করার ফলে প্রাকৃতিক বৈষম্য সামাজিক বৈষম্যে রূপান্তরিত হতে বাধ্য।

সর্বোপরি সমাজতাত্ত্বিক সমাজব্যবস্থায় বণ্টনের ন্যায়ে মানুষকে একপেশে করে দেখা হয়, তাদের প্রত্যেককেই দেখা হয় শ্রমিক হিসাবে, এবং উপেক্ষিত হয় তাদের ব্যক্তিত্ব। ফলে অ-স্বীকৃত হয়, মার্কস যাকে বলেছেন, ‘সমগ্র মানুষ’। মার্কস বলেন মানবসত্তা শ্রমিকসত্তারও উর্ধ্বে। কারণ তার ভোগ্যপন্যের প্রয়োজনীয়তা যেরূপ রয়েছে সেইরূপ রয়েছে আধ্যাত্মিকতারও প্রয়োজনীয়তা। সে চূড়ান্তভাবে আত্মোপলব্ধি (Self-realization) করতে চায়।

মার্কসের মতে, মানুষকে শুধুমাত্র শ্রমিক করে দেখা হল মানুষকে বিমূর্ত করে দেখা। মানুষের সমগ্র বিষয়টির কথা যদি ভাবতে হয়, তাহলে সামাজিক ন্যায়ের এই নীতিটিকে পরিমার্জিত করার দরকার হয়ে পড়ে। এই জন্যই মার্কস বলেছেন যে, পূর্ণ সাম্যবাদী সমাজব্যবস্থা বিশ্বে প্রতিষ্ঠিত হলে সামাজিক ন্যায়ের নীতিটি হবে, মানুষের পরিপূর্ণ আত্মোপলব্ধির নীতি। নীতিটি হল— “যার যেরূপ ক্ষমতা সে সেরূপ কর্ম করবে, আবার যার যেমন দরকার সে সেরকম প্রয়োজন সামগ্রী সমাজ থেকে আহরণ করবে।”<sup>৪</sup> অতএব বলা যায় সামাজতাত্ত্বিক সমাজব্যবস্থায় মার্কসীয় বণ্টনের ন্যায় সাম্যের ধারণার উপর প্রতিষ্ঠিত: অপরদিকে পূর্ণ সাম্যবাদী সমাজ ব্যবস্থায় মানবসত্তার পরিপূর্ণ আত্মোপলব্ধির প্রয়োজনীয়তার সাথে সঙ্গতিপূর্ণ।

আমাদের এই আলোচনা থেকে আমরা বুঝতে পারি যে, মার্কসীয় নৈতিক দর্শনে স্বাধীন মানুষের বিকাশের যে দাবী করা হয়েছে তার সাথে মার্কসীয় সামাজিক বণ্টনের ন্যায়ের তত্ত্ব সংযুক্ত এই অর্থে যে, ঐ দাবি পূরণের জন্যই বণ্টনের ঐ সামাজিক ন্যায়ের তত্ত্ব অপরিহার্য। আরো বলা যায়, আয় বণ্টনের অসাম্য যতদিন পর্যন্ত আমাদের আর্থব্যবস্থাকে পীড়িত করবে যার সম্পূর্ণ নিরসন ধনতন্ত্রের প্রকৃতি বিরুদ্ধ বলে ধরে নেওয়া চলে— ততদিন পর্যন্তই ধনতন্ত্রের গতি ও প্রকৃতি, অর্থাৎ, *the law of motion of Capitalism* -এর আলোচনায় মার্কসবাদের উচ্চ কণ্ঠস্বর ধ্বনিত প্রতিধ্বনিত হতে থাকবে।<sup>৫</sup>

**উপসংহার:**

অতএব বলা যায়, মার্কসবাদীদের মতে নীতি ও ন্যায় হল মানবসত্তার পরিপূর্ণ আত্মোপলব্ধির সোপান। যেদিন সমাজস্থ প্রতিটি মানুষ, সমস্ত প্রকার দাসত্ব ও বিচ্ছিন্নতার শৃঙ্খল ভেঙ্গে ফেলে মুক্ত হয়ে, স্বাধীন সত্তাকে পরিপূর্ণভাবে উপলব্ধি করতে পারবে, সেদিন হবে যথার্থ নৈতিকতার বিকাশ। কোন সমাজবর্হিভূত ও বিচ্ছিন্ন মানুষের এই বিকাশ সম্ভব নয়। এর জন্য চাই এক উপযুক্ত সমাজের বিকাশ। বিশ্বের সমস্ত মার্কসবাদীদের এক ছাতার তলায় দাঁড়িয়ে সেই অনাগত সমাজের ছবি এই মাটির পৃথিবীতে



রূপদান করার জন্য দীর্ঘ শ্রেণীসংগ্রামের লড়াইয়ের ময়দানে যুঝে চলতে মার্কস এবং এঙ্গেলস-ই প্রথম কমিউনিস্ট ম্যানিফেস্টোতে জেহাদের ডাক দেন; এবং যেদিন তাদের সেই অনাগত পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থা বিশ্বে প্রতিষ্ঠিত হবে, সেদিন শুরু হয়ে যাবে শোষক আর শোষিতের শ্রেণীসংগ্রামের দীর্ঘ লড়াইয়ের ইতিহাস, মুছে যাবে সমস্ত প্রকার নৈতিকতা, প্রতিষ্ঠিত হবে—“যার যেরূপ ক্ষমতা সেরূপ কর্ম করবে, আবার যার যেমন দরকার সে সেরকম প্রয়োজনীয় সামগ্রী সমাজ থেকে আহরণ করবে”— বন্টনের এই সামাজিক ন্যায়ের তত্ত্ব। হয়ত বা মার্কস একে তখন আবার কোন তত্ত্ব বলেই স্বীকার করবেন না। কারণ, সামাজিক ন্যায়ের তত্ত্ব হল এক বিমূর্ত বৌদ্ধিক তত্ত্ব, যা দিয়ে কোন একটি বর্তমান বা অতীত সমাজ ব্যবস্থার মূল্যায়ণ করি, বা যা দিয়ে অনাগত কোন উন্নত সমাজের ছবি গড়ে তুলি। পূর্ণ সাম্যবাদী সমাজ মার্কসের মতে, এমনই সমাজ যার আর পর নাই এবং যার স্থলন হবে না। এ সমাজে পৌঁছে তত্ত্ব এবং বাস্তব একাকার হয়ে গিয়ে সাধন করবে মানবজীবনের স্বতঃস্ফূর্ততা। বিভিন্ন শ্রেণী এবং শ্রেণীশত্রুতার অস্তিত্ব সম্বলিত পুরোনো বুর্জোয়া সমাজের স্থান নেবে একটা সমিতি, যেখানে প্রত্যেকের অবাধ বিকাশই হবে সকলের বিকাশের শর্ত। অবশ্য এটা সম্ভব তখনই হবে, যখন সমাজস্থ প্রতিটি মানুষ ঋষি হবে, আত্মার উপলব্ধি ঘটবে এবং পার্থিব বন্ধন থেকে মুক্ত হবে। আর সমাজস্থ প্রতিটি মানুষ এই ঋষিহে উত্তীর্ণ না হওয়ার জন্যই মনে হয়, এক সময়ের বিশ্ব আলোড়নকারী মার্কসীয় সাম্যবাদী সমাজতন্ত্র এখন ধ্বংসপ্রাপ্ত খোদ রাশিয়ায়— পশ্চিমী পুঁজিবাদী ধনতন্ত্র, ষড়যন্ত্র ও কূটনৈতিক এবং গরাবাচেভ ও ইয়েলৎসিনের বিশ্বাসঘাতকতার ফলে। তাই এখনও আমাদের কাছে মার্কসের পূর্ণ সাম্যবাদী সমাজকে ইউটোপিয়া বলেই সন্দেহ হয়। ইউটোপিয়া বাস্তবিক নয় এবং বাস্তবিক হয়ে উঠার যোগ্যও নয়। কিন্তু মার্কস দাবি করেন, মানব সমাজ বিবর্তনের দ্বন্দ্বমূলক বস্তুবাদী ইতিহাস অনিবার্যগতিতে এগিয়ে চলেছে সেই সমাজের বাস্তবায়নের দিকে।

### তথ্যসূত্র এবং টীকা:

১. মার্কসবাদীদের প্রচলিত ন্যায়ের ধারণার সমালোচনা ALLEN W. WOOD তার *The Marxian Critique of Justice* প্রবন্ধে বিস্তারিতভাবে তুলে ধরেছেন, *Marx, Justice and History*, A Philosophy and Public Affairs Reader, Edited by MARSHALL COHEN, THOMAS NAGEL, and THOMAS SCANLON, Princeton University Press, Princeton, New Jersey, গ্রন্থে। 1980 তে প্রকাশিত। পৃ: ৩-৪১।
২. মার্কসবাদীদের এই Distributive Justice এর ধারণাটি ZIYADI. HUSAMI তার *Marx on Distributive Justice* প্রবন্ধে বিস্তারিতভাবে তুলে ধরেছেন, *Marx, Justice and History*, A Philosophy and Public Affairs Reader, Edited by MARSHALL COHEN, THOMAS NAGEL, and THOMAS SCANLON, Princeton University Press, Princeton, New Jersey, গ্রন্থে প্রকাশিত। পৃ: ৪২-৭৯
৩. “The right of the producer is proportional to the labor they supply. The same amount of labour which he [the producer] has given to society in one form he receives back in another” [*Critique of Gotha*, SW, 2: 23]
৪. “From each according to his ability, to each according to his needs” [*Critique of Gotha*, SW, 2: 24]
৫. হীরেন্দ্রনাথ রায়-এর *ধনতন্ত্র বিশ্লেষণ, মার্কস কেইনস এবং শুমপিটার*, গ্রন্থে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা আছে, যা পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা ৭০০০২০, ২০ মে ২০০০, সচিব সনৎ কুমার চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত।

□ Book Review

**THE QUESTION OF ENVIRONMENT**

BHUPENDRA CHANDRA DAS

**Nilanjan Dutt and P.K. Dutt : THE ENVIRONMENT & ITS PROBLEMS.**

Levant Books, 27C Creek Row, Kolkata-700014, 2002, PP. 1-148, Price Rs. 125.00

The work entitled 'The Environment & its Problems' is written by Nilanjana Dutt, Clark University, USA and revised by P.K. Dutt, former Professor and Head of the Chemistry Department, Presidency College, Calcutta and Post Graduate Lecturer, Calcutta University. It is an important and essential Book on Environmental awareness almost in all respects and its problems. The book contains nineteen chapters on different aspects of environment.

In the first chapter entitled 'Environment' the authors explain different factors of environment and the dependence of life on environment. The role of the society in environment and perception of environment in ancient India are also beautifully mentioned here.

In the second chapter entitled 'Physical environment of the earth' the authors explain the origin, the age and staff of the earth in a lucid way.

In the third chapter 'Eco system', ecology, eco system, types of eco system, protection of forests, balance of nature etc. which are concerned with resource conservation are nicely dealt with in brief.

The fourth chapter entitled 'Environmental pollution' deals with different types of pollutions and their harmful effects.

The fourth chapter called 'Air Pollution' is an important chapter which is concerned with composition of air, green house effect, air pollution, acid rains etc.

In the sixth chapter, 'Land and water resources' the authors clearly lucidly explain land resources, water resources, treatment of waste water etc.

Seventh chapter 'Population and Environment' deals briefly with population explosion, population problem and its impact on food and shelter.

In the eighth chapter named 'Natural Calamities' earthquake etc. have been nicely described in brief.

In the ninth article 'The biosphere' the authors briefly point out all aspects of biosphere like flora and fauna, the biosphere and the ecosystem etc.

In the tenth article 'Conservation of natural resources' the authors rightly point out that conservation of natural resources is a basic issue for human survival and global population greatly affects conservation. All types of energy resources, e.g., coal, petroleum, natural gas etc. have been dealt with in the eleventh chapter entitled 'Energy sources'.

The twelfth chapter 'Solid waste management' refers to the disposal of discarded solids such as garbage, solid industrial wastes etc.

The thirteenth chapter 'National Environment-related movements' refers to deforestation, construction of dams, chipko movement etc.

The fourteenth chapter 'Public health and sanitation' deals with improved hygiene and public health which are the two items of social environment. Sanitation is concerned with all sorts of measures for prevention of diseases.

The Chapter entitled 'Metal Pollution' is concerned with different types of metal pollution.

The sixteenth chapter called 'Vitamin' gives us a good awareness of different types of vitamins and that of balanced diet.

The authors provide us with full awareness of different environmental policies like environment policy of the Government of India, the central Government environment Acts. etc. in the seventeenth chapter entitled "Environmental policies and laws".

The eighteenth chapter entitled "Human rights and related issues" briefly deals with human rights, child abuse, disabled persons, woman and environment etc.

In the last or nineteenth chapter entitled "The United Nations and International Conference on Human development" the authors explain UN, WHO, FAO, UNESCO, International Conference on Human Environment, i.e., Stockholm Conference, 1972, Earth Summit Conference, 1992.

Another important thing is that the authors have put questions on the above-mentioned nineteen chapters for doing exercises on different lessons.

At the end of this work an index to environment and its problems has been added and it will be helpful for every reader of this book.

In my opinion, this book may be prescribed as a text book for degree level after the following modifications:

1. Every chapter of this book is in very brief in some particular cases. The

book would have been more beneficial and effective if it were in some more detail in those cases.

2. The book would have been more appealing, essential and complete, had the authors devoted some more time to include two more chapters in it such as *a) Environmental Ethics* and *b) Spritual ecology*.

Ethics is concerned with individuals and groups as subjects and objects of actions, that is as doers and as things to which things are done. Traditionally, it has been most concerned with human beings as subjects and objects of doings. Environmental ethics considers not only natural but also urban environments: how human beings are affected physically, mentally and spritually by the design and materials of the buidings in which they live and work, the layout of cities, provision of public services and so on. Cities are not only human environments, so a more comprehensive environmental view considers their effect on foxes i.e., animals and plane trees. So the development of moral conduct for saving our environment is very essential and it may ve possible including a chapter on Environmental Ethics in this book.

Secondly, environment does not merely mean physical environment. Environment also means spritual ecology. The upliftment of our viewpoint is very essential. Much emphasis should be given for the development of an integrted philosophy of life. So, that our outlook becomes broad and our hatred, jealousy etc. may disappear. Quarrel among different races, religions sects, different nations occur because of hatred, jealousy and malice to each other. Buddhism, the Philosophy of Sri Aurobindo teach us how to develop our integrated outlook.

Again through the study of spritual ecology our mind will be great and our tendency to unlimited enjoyment will be reduced gradually.

This book proves the authors' Profound Knowledge on environment and its problems. However, in present Indian context, such a valuable book on environment deserves wide circulation.